| শিক্ষার্থীদের অগ্রগতি | প্রতিবেদন-পত্র, CCE পুস্তিকা ইত্যাদির মতো অবশ্যকরণীয়ভাবে বিদ্যালয় শিক্ষার্থীদের অগ্রগতির তথ্যের দলিলীকরণ এবং নথিভুক্তীকরণ করে ও তা বজায় রাখে | পাঠ্যক্রমিক চাহিদা অনুসারে বিদ্যালয় শিক্ষার্থীর ব্যক্তিগত অগ্রগতি অবিরতভাবে পরিমাপন করে (বিদ্যায়তনিক এবং সহ-বিদ্যায়তনিক), শ্রেণিভিত্তিক এবং বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীর জন্য একটি ক্রমবর্দ্ধিষ্ণু তথ্যভিত্তি প্রস্তুত করে যা বার্ষিকভাবে কেতা- দুরত করা হয় | বিদ্যালয় বিষয়ভিত্তিক এবং সহবিদ্যায়তনিক ক্ষেত্রের ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থীর অগ্রগতি তদারকি এবং চিহ্নিত করে, শিক্ষার্থীদের বিবিধ শৈক্ষিক পরিসরের কথা মাথায় রেখে শিক্ষার্থীদের ব্যক্তিগত অগ্রগতি শুরু থেকে সময়োপযোগীভাবে চিহ্নিত করে; শিক্ষার্থীদের শ্রেণি ভিত্তিক এবং দলভিত্তিক অগ্রগতির ধরণ এবং চলন শনাক্ত করার জন্য ক্রমবর্ধিষ্ণু তথ্যের বিশ্লেষণ করে; এই বিশ্লেষণের মাধ্যমে লব্ধ ফলাফল গুলোর প্রতিপুষ্টি শ্রেণিকক্ষের অনুশীলনের মধ্যে অন্তর্ভুক্ত করে ব্যবহার করে, রাজ্য/জাতীয় স্তরের শিক্ষার্থীদের শেখার স্তর অর্জন করতে /অতিক্রম করতে উৎসাহ করে |
| শিক্ষার্থীর ব্যক্তিগত এবং সামাজিক বিকাশ | বিদ্যালয় শিক্ষার্থীদের ব্যক্তিগত এবং সামাজিক বিকাশের সূচক সম্পর্কে অবগত; যা হল, উদাহরণস্বরূপে জাতীয়তাবোধ, সহনশীলতা, ধর্ম নিরপেক্ষ আচরণ, আন্তঃ ব্যক্তিক সু-সম্পর্ক ইত্যাদি; নির্দেশনা অনুযায়ী প্রাতঃসভা, রাষ্ট্রীয় পর্ব এবং উৎসব উদযাপনের আয়োজন করে | সামাজিক এবং আন্তঃ ব্যক্তিক দক্ষতা বিকাশের কথা মাথায় রেখে শিক্ষকেরা শ্রেণিকক্ষে দলগত কার্যের আয়োজন করেন; শিক্ষার্থীর সামাজিক এবং ব্যক্তিগত বিকাশের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনার জন্য শিক্ষক এবং সমাজের সদস্যদের নিয়ে বৈঠক আয়োজন করেন | বিদ্যালয় সৃজনাত্মক এবং যুক্তিবাদী চিন্তাভাবনা, সমস্যার সমাধান এবং সিদ্ধান্ত প্রণয়ন, যোগাযোগ ও আন্তঃব্যক্তিক দক্ষতা প্রসারের জন্য বিদ্যালয়ের দৈনন্দিন কার্যক্রমণিকায় জীবনমুখী দক্ষতার বিকাশকে সমন্বিত করে; মূল্যবোধ সহায়ক চেতনা সৃষ্টির উদ্দেশ্যে শিক্ষকগণ গল্প, শ্রব্য কথা দৃশ্যবস্তু, ইত্যাদির সৃজন এবং কাটিং ব্যবহার করেন; শিক্ষার্থীর আচরণ যথাযথ করতে শিক্ষকরা দৃষ্টান্তমূলকভাবে প্রত্যাশিত আচরণ করেন; শিক্ষার্থীর আচরণ ব্যক্তিগত এবং সামাজিক বিকাশের ক্ষেত্রে গৃহ এবং বিদ্যালয় উভয়ের ভূমিকা সম্পর্কে মাতা-পিতার সঙ্গে আলোচনা করেন |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| শিক্ষার্থীদের পরিমাপন | কম সংখ্যক শিক্ষার্থীর পাঠ্যক্রমিক চাহিদার প্রায় সবকয়টির পরিমাপনে (জ্ঞান এবং কৌশলগতভাবে) সবকয়টি গ্রেডেই সাফল্য লাভ করে; বিদ্যালয় শৈক্ষিক বর্ষের থেকে শিক্ষার্থীর মূল্যায়নের ব্যবস্থা করে এবং তার দ্বারা শিক্ষকসকল ক্ষেত্রে শিক্ষার্থীদের পরবর্তী গ্রেড নিরূপণের চেষ্টা করে | কিছু সংখ্যক শিক্ষার্থী পাঠ্যক্রমিক চাহিদার প্রায় সবকয়টির পরিমাপনে (জ্ঞান এবং কৌশলগতভাবে) সবকয়টি গ্রেডেই সাফল্য লাভ করে; আবার কিছুসংখ্যক শিক্ষার্থী অপেক্ষাকৃত নিম্নস্তরের গ্রেড লাভ করে; বিদ্যালয় সেই শিক্ষার্থীসকল শিক্ষার্থীর মূল্যায়নের উৎকর্ষ সাধনের জন্য প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ করে এবং তার দ্বারা শিক্ষার্থীদের পরবর্তী গ্রেড আহরণের জন্য প্রস্তুত করে | সারা বিদ্যালয় জুড়ে অধিকাংশ শিক্ষার্থীর সাফল্য হল কাঙ্খিত গ্রেডের সমতুল্য/ইঙ্গিত মানের চেয়ে অধিকতর; বিদ্যালয় অবিরত এমনভাবে উৎকর্ষসাধনের চেষ্টা করে যাতে শিক্ষার্থীরা গ্রেডের উর্ধ্বসীমা পার হয়ে যেতে পারে |

বিদ্যালয়ের উৎকর্ষসাধন

## প্রমাণের উৎস
## (Sources of Evidence)

| | |
|---|---|
| প্রসঙ্গ সম্পর্কিত প্রমাণ (নীতিনিয়ম/ নির্দেশ-রেখা/ পঞ্জি পুস্তিকা / সরকারী আদেশাবলী) | ➢ RTE Act. 2009 Chapter-V (clause 29 at p. 9)<br>(http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf)<br>➢ Teachers Manual Formative Assessment (Science), CBSE (2010) (pp. iii-viii)<br>(http://www.cbse.nic.in/cce/cce-manual/CBSE-FA-Class-IX%20(Science)%20Final.pdf)<br>➢ NCF-2005 Chapter-II (pp. 12-34), & Chapter- IV (pp- 78-100)<br>➢ (http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf) |
| বিদ্যালয়ে উপলব্ধ সমর্থনসূচক প্রমাণ | ➢ শিক্ষার্থীর উপস্থিতির পঞ্জিপুস্তিকা<br>➢ দীর্ঘ-অনুপস্থিতি এবং তদ্‌বিষয়ে গৃহীত ব্যবস্থা<br>➢ নিয়মিত উপস্থিতি এবং সময়ানুবর্তিতা কার্যকর করার জন্য গৃহীত উপায়<br>➢ প্রায়ানুপস্থিত শিক্ষার্থীদের গৃহ ভ্রমণ এবং অভিভাবকদের সঙ্গে শিক্ষকের সেই বিষয়ে আলোচনা<br>➢ প্রতিবেদন-পত্র, CCE পঞ্জিপুস্তিকা, পরিমাপন নথি ইত্যাদি<br>➢ বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠান-কার্যক্রমাদির তালিকা<br>➢ সহবিদ্যায়তনিক ক্রিয়াকলাপ, খেলা-ধূলা, সাংস্কৃতিক ক্রিয়া-কলাপে অংশগ্রহণ শিক্ষার্থীর খাতা, উত্তরপত্র এবং শিক্ষার্থীদেরকে প্রদত্ত প্রতিপুষ্টির নমুনা<br>➢ নিয়ম মাফিক নির্দিষ্টকাল অন্তর অন্তর শিক্ষার্থীর ভিত্তিরেখা অতিক্রমী অগ্রগতির নথি<br>➢ বিশেষ দায়িত্বপ্রাপ্ত শিক্ষার্থীদের নামের তালিকা<br>➢ বিদ্যালয়ের পাঠ্যক্রম/সময়তালিকায় মূল্যবোধ-শিক্ষা এবং জীবন কৌশলের মতো<br>➢ বিষয়সমূহের অন্তর্ভুক্তিকরণ<br>➢ ক্রমবর্ধিষ্ণু প্রক্রিয়ায় পরিমাপন নথির বিশ্লেষণ<br>➢ শিক্ষার্থীর কৃতি সম্পর্কে মাতাপিতার সঙ্গে সংগঠিত মত বিনিময়ের নথিভুক্তীকরণ। |
| বিদ্যালয়কে যেসব প্রমাণ সৃষ্টি করতে হয় | বিদ্যালয় নিম্নলিখিত উপায় / কৌশল অবলম্বন করে প্রমাণ সৃষ্টি করতে পারে :<br>➢ বিদ্যালয়কেন্দ্রিক ক্রিয়াকলাপে শিক্ষার্থীদের অংশগ্রহণ সম্পর্কে জানতে শিক্ষার্থীর নিরীক্ষা এবং পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া। |

## উত্তরণমূলক উদ্ভাবনীসমূহ Innovation (s)

## শিক্ষার্থীদের উন্নতি, বিদ্যাধি গমন (attainment) ও বিকাশ

| কেন্দ্রগত মান | স্তর-১ | স্তর-২ | স্তর-৩ |
|---|---|---|---|
| শিক্ষার্থীর উপস্থিতি | | | |
| শিক্ষার্থীর অংশ গ্রহণ ও নিবিষ্টীকরণ | | | |
| শিক্ষার্থীর অগ্রগতি | | | |
| শিক্ষার্থীর শারীরিক ও সামাজিক বিকাশ | | | |
| শিক্ষার্থীর বিদ্যাধিগমন/সাফল্য | | | |

## উৎকর্ষসাধনের পরিকল্পনা

| কেন্দ্রগত মান | স্তর | উৎকর্ষের পরিসর | উৎকর্ষের প্রাধান্যপ্রদত্ত পরিসর | | | প্রস্তাবিত কার্য | সময় সীমা উপযুক্ত বছরটিতে (✓) চিহ্ন দিন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| শিক্ষার্থীর উপস্থিতি | | | | | | | | | |
| শিক্ষার্থীর অংশগ্রহণ নিবিন্ধীকরণ (en-gagement) | | | | | | | | | |
| শিক্ষার্থীর প্রগতি | | | | | | | | | |
| শিক্ষার্থীর ব্যক্তিগত এবং সামাজিক বিকাশ | | | | | | | | | |
| শিক্ষার্থীর ফলপ্রাপ্তি | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ   র-১ = বছর-১ ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

# মুখ্য ক্ষেত্র - ৪
# Key Domain IV



## শিক্ষকের কৃতি ও
## পেশাদারী বিকাশের ব্যবস্থাপনা

# মুখ্য ক্ষেত্র - ৪
# Key Domain IV

# শিক্ষকের কৃতি ও পেশাদারী বিকাশের ব্যবস্থাপনা

## অথ মুখ্য ক্ষেত্র বিষয়ক

শিক্ষকের কর্মকৃতির ব্যবস্থাপনা হচ্ছে গুণগত শিক্ষার প্রধান অবলম্বন স্থল। এটি হচ্ছে শিক্ষকের অন্তর্নিহিত ক্ষমতা সনাক্ত করার এবং দক্ষতা বিকাশের একটি অবিরত প্রক্রিয়া। প্রণালীগত কর্মপন্থার মাধ্যমে কৃতি (Performance)-র পুনরীক্ষণ এবং কর্মক্ষমতা তৈরীর কার্যসূচির মাধ্যমে এটা করতে হয়। এতে নবনিযুক্ত শিক্ষকদের যথাযথ প্রশিক্ষণের প্রয়োজন হয়। বিদ্যালয়ের সংগে খাপ খাওয়ানোর জন্য এই ব্যবস্থা তাদের সাহায্য করে, সেই সংগে শিক্ষার্থীদের তথ্য ও প্রাসঙ্গিক বিষয়টির সংগে পরিচিত হতে সাহায্য করে। শিক্ষার্থীদের শৈক্ষিক চাহিদা পূরণের উদ্দেশ্যে পাঠ্যক্রমিক প্রত্যাশাগুলো বুঝতে এবং সেই সংগে শেখা-শেখানোর প্রক্রিয়ার অভিযোজনে এটি শক্তি যোগায়। পেশাদারী মান উন্নত করতে শিক্ষকদের কৃতির অবিরত তদারকীকরণ অত্যন্ত জরুরী। সেই সঙ্গে তাদের মধ্যে দলগতভাবে কর্ম সম্পাদনের স্পৃহা সৃষ্টি এবং বিদ্যালয়ের সামগ্রিক উৎকর্ষ সাধনে ব্রতী করাও অত্যন্ত জরুরী।

## ভাবনা-চিন্তার বিষয়াবলী
## (Reflective prompts)

**প্রশ্ন ১ ঃ** নবনিযুক্ত শিক্ষকদের প্রাথমিক প্রশিক্ষণের জন্য বিদ্যালয়ের কৌশল কী হতে পারে?

**প্রশ্ন ২ ঃ** শিক্ষকের অনুপস্থিতি এবং অনুপস্থিত শিক্ষকের শ্রেণীসমূহে নির্দিষ্ট কর্ম সম্পাদন করতে বিদ্যালয় কী কী ব্যবস্থা অবলম্বন করে?

**প্রশ্ন ৩ ঃ** শিক্ষক গণ পরিবর্তনশীল পাঠ্যক্রমিক চাহিদা কতদূর পর্যন্ত বুঝতে পারে এবং তদানুযায়ী শ্রেণিকক্ষে তাদের পাঠদানে অভ্যাসকে অভিযোজিত করেন?

**প্রশ্ন ৪ ঃ** বিদ্যালয় কিভাবে বিদ্যালয় শিক্ষকের কৃতি ও কর্মে তদারকি, তাঁদের অবিরত পেশাগত বিকাশের ব্যবস্থা এবং বৃত্তিগত উত্তরণের জন্য সুবিধা প্রদান করে?

**প্রশ্ন ৫ ঃ** বিদ্যালয় কিভাবে শিক্ষকের কর্ম-কৃতির লক্ষ নির্ধারণ করে এবং তাদের ওপর দায়িত্ব এবং কৃত্যাদি অর্পণ করে?

## পরিঘটনা নির্ভর তথ্য
## (Factual Information)

(প্রয়োজনবোধে বিদ্যালয় একটা প্রশ্নের একাধিক বৈকল্পিক উত্তরদান করতে পারে)

১। বিদ্যালয়ে শিক্ষকের সংখ্যা

a. মঞ্জুরী প্রাপ্ত সংখ্যা .......................... b. কার্যরত ......................

২। কার্যরত শিক্ষকের সংখ্যা

a. নিয়মিত .............................. b. চুক্তিবদ্ধ /তদর্থ ......................

c. অংশকালীন ......................... d. অতিথি শিক্ষক .......................

e. অন্যান্য ..............................

৩। নিম্নোক্ত দের সংখ্যা -

a. প্রশিক্ষিত শিক্ষক ............................ b. অপ্রশিক্ষিত শিক্ষক ........................

৪। বিদ্যালয়দ্বারা নবনিযুক্ত শিক্ষকদের প্রাথমিক প্রশিক্ষণ দান ঃ

a. বিশেষ প্রাথমিক প্রশিক্ষণে ব্যবস্থাকরণ ☐

b. মুখ্য/ জ্যেষ্ঠ শিক্ষকদের সংগে মুখোমুখি আলোচনা ☐

c. কোনো ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা নেই, নবনিযুক্ত শিক্ষকরা নিজেরাই নিজকে প্রশিক্ষিত করেন ☐

d. অন্য কোনো কৌশল (উল্লেখনীয়)

______________________________

______________________________________________________

৫। বিদ্যালয়ে শিক্ষকের উপস্থিতি এবং অনুপস্থিতির পঞ্জীয়ন খাতার ব্যবস্থা -

আছে ☐ নেই ☐

ক) যদি আছে, অনুপস্থিতির কারণের তালিকা (অবকাশস্থ, প্রশিক্ষণ বা অন্য কাজে নিয়োজিত)

.....................................................................................................................................

.....................................................................................................................................

খ) তদনুক্রমে শিক্ষকের গড় উপস্থিতির সংকলিত তথ্যের গণনা কিভাবে করা হয় -

.....................................................................................................................................

.....................................................................................................................................

গ) শিক্ষক ও অন্যান্য কর্মচারীদের অবিজ্ঞাপিত অনুপস্থিতিতে বিদ্যালয় কী ব্যবস্থা নেয় ?

.....................................................................................................................................

.....................................................................................................................................

৬। অনুপস্থিত শিক্ষকের শ্রেণিকক্ষে বিদ্যালয় যে ব্যবস্থা গ্রহণ করে -

a. বিকল্প শিক্ষকের ব্যবস্থা করে ☐
b. শ্রেণিগুলোকে একত্রিত করে ☐
c. কোনো জ্যেষ্ঠ ছাত্রের উপর দায়িত্ব অর্পণ করে ☐
d. কোনো ব্যবস্থা নেই ☐

৭। শিক্ষকের কর্ম-কৃতি যেভাবে তদারকি করা হয় -

a. বার্ষিক গোপনীয় প্রতিবেদন ☐
b. বিদ্যালয় প্রধানের পর্যবেক্ষণ ☐
c. শিক্ষার্থীর কৃতিত্ব ☐
d. পিতা-মাতা / SMC র প্রতিপুষ্টি ☐
e. সহ শিক্ষার্থীর প্রতিপুষ্টি ☐
f. অন্যান্য (উল্লেখনীয়) ______________________

______________________________________________________________

______________________________________________________________

______________________________________________________________

শিক্ষকের কর্ম-কৃতির উৎকর্ষ সাধনের ব্যবস্থা -

| কার্যসূচীর নাম | সময়সীমা | অংশগ্রহণকারী শিক্ষকের নাম |
|---|---|---|
| অবশ্যকরণীয় | | |
| (অন্যান্য) | | |

৯. শ্রেণিকক্ষে পাঠদানের উপরিও শিক্ষকের দায়িত্ব ও কর্তব্যের তালিকা

| কর্তব্য/ দায়িত্ব | দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নাম |
|---|---|
| | |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | **স্তর ১** | **স্তর ২** | **স্তর ৩** |
| নব নিযুক্ত শিক্ষকের প্রাথমিক প্রশিক্ষণ | উপলব্ধ সুবিধা সম্বন্ধে তথ্য যোগাড় করতে বিদ্যালয় এটিকে নব নিযুক্ত শিক্ষকের উপর ছেড়ে দেয় এবং বিদ্যালয়ের চলমান কর্মপন্থার উপর নজর রাখে | বিদ্যালয় প্রধান নবনিযুক্ত শিক্ষকদের দ্বায়িত্ব এবং কর্তব্য ও বিদ্যালয়ে উপলব্ধ সুবিধাগুলোর উপর প্রাথমিক প্রশিক্ষণ দেন; প্রশিক্ষণের দায়িত্ব অন্যান্য অভিজ্ঞ শিক্ষকদের উপর দেন | শিক্ষকের দায়িত্ব ও ভূমিকা, বিদ্যালয়ে প্রচলিত শিক্ষা কার্যসূচি, বিভিন্ন প্রকল্প, SMC/SDMC -র ভূমিকা, শিক্ষার্থী বিষয়ক তথ্যাদি, বিদ্যালয়ের প্রাসঙ্গিক পটভূমিকা আদির বিষয়ে নবনিযুক্ত শিক্ষকদের অবহিত করাবার জন্যে বিশেষ প্রাথমিক কার্যসূচি বিদ্যালয় নিয়মিত অনুষ্ঠিত হয় |
| শিক্ষকের উপস্থিতি | বিদ্যালয় অনুপস্থিতির কারণসহ উপস্থিতির নথি সংরক্ষণ করে; সাধারণত শ্রেণিকে কর্মনিরত রাখার জন্য কোনো বিকল্প ব্যবস্থা নেই | বিদ্যালয় প্রণালীবদ্ধভাবে উপস্থিতির নথিবদ্ধ তথ্য সংরক্ষণ করে; অবিজ্ঞাপিত অনুপস্থিত বিষয়ে প্রয়োজনে বিহিত ব্যবস্থা গ্রহণসহ তদারকি করে; অনুপস্থিত শিক্ষকের শ্রেণীকক্ষ যাতে পাঠদান রহিত না-থাকে তার ব্যবস্থা করে | হ্রস্বকালীন, দীর্ঘকালীন ও অবিজ্ঞাপিতভাবে অনুপস্থিত শিক্ষকদের সতর্ক করার জন্য বিদ্যালয়ের একটি নির্দিষ্ট গৃহীত ব্যবস্থা আছে; বিকল্প ব্যবস্থা হিসেবে বিদ্যালয়ের ভেতর ও বাইরের ব্যক্তিদের সময়োপযোগী ও উপযুক্তভাবে তাদের দায়িত্ব ও কর্তব্য পালন করার জন্যও ব্যবস্থা আছে শিক্ষকদের মধ্যে সময়ানুবর্তিতা ও দায়িত্ববোধের এক সংস্কৃতি গড়ে তোলে |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | **স্তর ১** | **স্তর ২** | **স্তর ৩** |
| দায়িত্ব অর্পণ করা এবং কর্ম-কৃতির লক্ষ্য ব্যাখ্যা করা | বিদ্যালয় একটি পূর্ব-প্রকল্পিত সময় তালিকার যোগান দেয় এবং প্রত্যাশা রাখে যে শিক্ষক পাঠ্যসূচী সম্পূর্ণ করবেন এবং সময়ে সময়ে অন্যান্য অর্পিত দায়িত্ব পালন করবেন | বিদ্যালয় প্রধান কর্মীবৃন্দের সভাদিতে অথবা অনুষ্ঠান বহির্ভূতভাবে শিক্ষকদেরকে তাদের দায়িত্ব ও কর্ম-কৃতির লক্ষের বিষয়ে ধারণা দেন; প্রধান শিক্ষক পাঠ্যসূচী ও অন্যান্য কার্য আশানুরূপভাবে সম্পূর্ণ হয়েছে কি-না সেই বিষয়ে পর্যবেক্ষণ ও তদারকি করে | বিদ্যালয় পারস্পরিক আলোচনার মাধ্যমে শিক্ষকদের দায়িত্ব অর্পণ করে; শিক্ষকদের নিজেদের কর্মকৃতির লক্ষ্য স্থির করার জন্য উৎসাহিত করে এবং নতুন ধারণা নিয়ে পরীক্ষা নিরীক্ষা ও নবতর উদ্ভাবনের সুযোগ প্রদান করে; শিক্ষকগণ নিজেদের অগ্রগতি নিজেরাই তদারকি করেন |
| প্রত্যাশিত পাঠ্যক্রম পরিবর্তনের জন্য শিক্ষকের প্রস্তুতি | শিক্ষকগণ নীতির পরিবর্তনের ফলে বিদ্যালয়ের পাঠ্যক্রমে ও পাঠ্যপুস্তকে পরিবর্তনের বিষয়ে অবহিত (যদি তেমন প্রয়োজন হয়ে থাকে) | শিক্ষকগণ পরিবর্তিত পাঠ্যক্রমের প্রত্যাশাসমূহ বুঝতে চেষ্টা করেন; সেগুলোকে তাদের শেখানো ও শেখার প্রক্রিয়াতে গ্রহণ করে মানিয়ে নেন | বিদ্যালয় শিক্ষকদেরকে পরিবর্তিত পাঠ্যক্রমের প্রত্যাশা এবং চলিত শ্রেণিকক্ষাভ্যাসের উপর তার প্রভাব নিয়ে আলোচনা ও চিন্তা ভাবনা করার সুযোগ দেয়; নির্দিষ্ট বিষয়-প্রাসঙ্গিক পরিবর্তন মানিয়ে নিতে শিক্ষকদেরকে প্রতিপুষ্টিমূলক সমর্থন যোগায় |
| শিক্ষকের কর্ম-কৃতির পর্যবেক্ষণ | অবশ্যকরণীয় পরিদর্শন-প্রতিবেদনের ভিত্তিতে প্রধানশিক্ষক শিক্ষকদের কর্ম-কৃতির বিষয়ে অবধান রাখে; তিনি শিক্ষকদের শ্রেণিকক্ষে উপস্থিতি তদারকি করেন এবং সময়ে সময়ে তাদের শিক্ষণ কার্য পর্যবেক্ষণ করেন | বিদ্যালয় প্রধান শিক্ষকদের কর্ম-কৃতি পুনরীক্ষণ করেন এবং প্রতিপুষ্টির যোগান দেন; শ্রেণিকক্ষের অভিজ্ঞতার ভিত্তিতে শিক্ষকেরা নিজেদের কর্ম-কৃতি পুনরীক্ষণ করেন এবং নিজেদের উৎকর্ষবিধানের ক্ষেত্রগুলো সনাক্ত করেন | বিদ্যালয় প্রধান শিক্ষার্থীদের অগ্রগতি এবং সাফল্যের ভিত্তিতে এবং শিক্ষকদের সঙ্গে আলোচনা দ্বারা শিক্ষকদের কর্ম-কৃতির পুনরীক্ষণ করেন, পিতামাতা, শিক্ষার্থী এবং SMC/SDMC -র সঙ্গে শিক্ষকদের কৃতির বিষয়ে আলোচনা করেন; শিক্ষকেরা সমষ্টিগতভাবে নিজেদের কৃতি ও তাদের শিক্ষা-কৌশল বিকাশের জন্য চিন্তাভাবনা করেন |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| শিক্ষকের পেশাগত বিকাশ | বিদ্যালয় প্রধান কর্মনিরতকালীন অবশ্যকৃত্য প্রশিক্ষণ কার্য্যসূচীতে সব শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করেন | শিক্ষকদের পেশাগতভাবে সংগতিপূর্ণ বিভিন্ন কার্যসূচীতে অংশগ্রহণের জন্য বিদ্যালয় শিক্ষকদেরকে অনুপ্রেরিত করে এবং নিয়মিত সুযোগ দান করে; শিক্ষকদের শৈক্ষিক অসুবিধাগুলির প্রতিবিধানকল্পে বিদ্যালয় অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান বা কুশলীদের সহায়তা গ্রহণ করে | বিদ্যালয় শিক্ষকদের জন্য অবিরত বিদ্যায়তনিক সহায়তামূলক সুযোগের ব্যবস্থা করে; উন্নতিমূলক ধারণা ও প্রণালী উদ্ভাবন প্রচেষ্টায় সমর্থন দেয়; প্রশিক্ষণে উপলব্ধ শৈক্ষিক ফলশ্রুতিগুলি শিক্ষকেরা সমষ্টিগত ভাবে আলোচনা করেন; অর্জিত জ্ঞান ও শ্রেণীকক্ষের অনুশীলন দক্ষতাকে সমন্বিত করার সম্ভাবনাদি নিয়ে চিন্তাভাবনা করেন |

## বিদ্যালয়ের উৎকর্ষসাধন

# প্রমাণের উৎস
## Sources of Evidence

| | |
|---|---|
| **প্রাসঙ্গিক প্রমাণ (নীতি নিয়ম/ নির্দেশিকা/ পঞ্জীয়ণ পুস্তিকা/সরকারী আদেশ** | ➢ RTE ACT 2009 অধ্যায়- IV (দফা ২৪, পৃষ্ঠা- ৮)<br>(http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf)<br>➢ সর্বশিক্ষা অভিযান বাস্তবায়নের পরিকাঠামো ঃ অধ্যায়- IV (পৃষ্ঠা ৭০-৮০)<br>➢ http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SSA-Frame-work.pdf)<br>➢ রাষ্ট্রীয় শিক্ষা মিশন (RMSA) বাস্তবায়নের পরিকাঠামো ; অধ্যায়- V (পৃষ্ঠা ৩৬-৩৭)<br>(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Framework_Final_RMSA_3.pdf)<br>➢ (NCFTE) শিক্ষক শিক্ষার রাষ্ট্রীয় পাঠ্যক্রমের পরিকাঠামো; ২০০৯ অধ্যায়- IV (পৃষ্ঠা ৬৩-৭৪)<br>➢ ADEPTS (শিক্ষক -সহায়ের মাধ্যমে শৈক্ষিক পরিকাঠামো বিকাশ)ঃ একটি মানব সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় ও Unicef উদ্যোগ) অধ্যায় IV<br>(http://prayatna.typepad.com/files/adepts.pdf)<br>➢ PINDICS (প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সাফল্যের সূচক) NCERT (২০১৩) পৃষ্ঠা ১-১২)<br>(http://www.ncert.nic.in/pdf_files/PINDICS.pdf)<br>➢ NCF-২০০৫ ঃ রাষ্ট্রীয় পাঠ্যক্রমের আধার, (অধ্যায়- V, পৃষ্ঠা ১০৭-১১৪)<br>(http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf) |
| **বিদ্যালয়ে উপলব্ধ সমর্থক প্রমাণ** | ➢ নিয়ম/দায়িত্ব/শিক্ষার্থীর সংক্ষিপ্ত তথ্য, পাঠ্যক্রমের চাহিদা, নির্দিষ্ট প্রসঙ্গভিত্তিক শেখা ও শেখানোর অনুশীলনের তালিকা এবং SMC/SDMC-এর ভূমিকা, বিভিন্ন পরিকল্পনা, সময়বদ্ধ প্রকল্প, কার্যক্রম, বিদ্যালয়ের প্রচলিত কর্মপন্থা ইত্যাদি<br>➢ নতুন শিক্ষকের জন্য আরোহ কার্যসূচীর বিস্তারিত তথ্য<br>➢ শিক্ষকদের দ্বারা অংশগৃহীত অবিরত পেশাগত বিকাশ/প্রশিক্ষণ<br>➢ শিক্ষকের গড় উপস্থিতি এবং শিক্ষকদের ছুটির আবেদন পত্র<br>➢ শ্রেণিতে অনুপস্থিত শিক্ষকদের পরিবর্তে বিকল্প ব্যবস্থা/ পরিবর্তন-পঞ্জিপুস্তিকা<br>➢ প্রত্যেক শিক্ষক ও কর্মচারী সদস্যদের জন্য আত্ম-বিচারমূলক প্রতিবেদন<br>➢ বার্ষিক পরিকল্পনা অনুশীলনের একটি অঙ্গ হিসেবে শিক্ষকদের নিজেদের কর্ম-কৃতির লক্ষ্য<br>➢ বছরের বিভিন্ন সময়ে নির্ধারিত পাঠ্যসূচীর তথ্য<br>➢ চাকুরী করা কালীন শিক্ষকদের অর্জিত শিক্ষাগত ডিগ্রী<br>➢ শিক্ষকদের কর্ম-কৃতি বিষয়ক প্রতিপুষ্টি ও নির্দেশনা<br>➢ বিদ্যালয়ের বিকাশ পরিকল্পনায় শিক্ষকদের বিকাশ-কোষ<br>➢ চাকুরীকালীন প্রশিক্ষণ কার্যসূচীতে শিক্ষকদের উপস্থিতি<br>➢ পূর্ব প্রকল্পিত সময় তালিকা<br>➢ শিক্ষকদের উপর দায়িত্ব প্রদত্ত বিতরণের নথিসমূহ |
| **যে সব প্রমাণ বিদ্যালয়কে সৃষ্টি করতে হয়ে** | নিম্নলিখিত উপায় /কৌশলের দ্বারা বিদ্যালয় প্রমাণ সৃষ্টি করতে পারে -<br>➢ নতুন শিক্ষকদের জন্য শিক্ষাদর্শ-প্রশিক্ষণমূলক (orientation) কার্যসূচী নির্বাহের তালিকা<br>➢ কর্মশালা/আলোচনা চক্র/অভিজ্ঞমণ্ডলীসভা দিতে উপস্থিতির শংসাপত্র |

## উত্তরণমূলক

## উদ্ভাবনীসমূহ
## Innovation (s)

প্রত্যুত্তরের ছাঁচ
(Response Matrix)

## শিক্ষকের কর্ম-কৃতি ও বিকাশ-পরিচালনা

| কেন্দ্রগত মান | স্তর-১ | স্তর-২ | স্তর-৩ |
|---|---|---|---|
| **নতুন শিক্ষকের শিক্ষাদর্শগত প্রশিক্ষণ (orientation)** | | | |
| শিক্ষকদের উপস্থিতি | | | |
| দায়িত্ব-নিরূপণ ও কর্ম-কৃতির লক্ষ্যের পরিচয়দান | | | |
| পরিবর্তিত পাঠ্যসূচির চাহিদা পূরণে শিক্ষকদের প্রস্তুতি | | | |
| শিক্ষকদের কর্ম-কৃতির পর্যবেক্ষণ | | | |
| **শিক্ষকদের পেশাগত বিকাশ** | | | |

## উৎকর্ষসাধনের পরিকল্পনা

| কেন্দ্রগত মান | স্তর | উৎকর্ষসাধনের ক্ষেত্র | উৎকর্ষ সাধনের জন্য প্রাধান্য-প্রদত্ত ক্ষেত্র | | | প্রস্তাবিত কার্য | সময়রেখা সঠিক বছরে(✓) চিহ্ন দেবেন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| নতুন শিক্ষকের শিক্ষাদর্শগত প্রশিক্ষণ | | | | | | | | | |
| শিক্ষকদের উপস্থিতি | | | | | | | | | |
| দায়িত্ব নিরূপণ ও কর্ম-কৃতির লক্ষ্যের পরিচয়দান | | | | | | | | | |
| পরিবর্তিত পাঠ্যসূচীর চাহিদাপূরণে শিক্ষকদের প্রস্তুতি | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ ব-১ = বছর-১, ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

| কেন্দ্রগত মান | স্তর | উৎকর্ষ সাধনের ক্ষেত্র | উৎকর্ষসাধনেরজন্য প্রাধান্য-প্রদত্ত ক্ষেত্র | | | প্রস্তাবিত কার্য | সময়রেখা সঠিক বছরে(✓) চিহ্ন দেবেন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| শিক্ষকদের কর্ম-কৃতির পর্যবেক্ষণ | | | | | | | | | |
| শিক্ষকদের পেশাগত বিকাশ | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ  ব-১, = বছর-১, ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

# মুখ্য ক্ষেত্র -৫
# Key Domain V



## বিদ্যালয় নেতৃত্ব ও পরিচালনা

# মুখ্য ক্ষেত্র - ৫
# Key Domain V

## বিদ্যালয় নেতৃত্ব ও পরিচালনা

### অথ মুখ্য ক্ষেত্র বিষয়ক

গুণগত শিক্ষা যোগানের ক্ষেত্রে ফলপ্রসূ বিদ্যালয়-নেতৃত্ব তথা পরিচালনা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। বিদ্যালয়েরে উৎকর্ষমুখী উত্তরণের জন্য স্বকীয়ভাবে কার্য অনুশীলনকে যুক্ত করতে বিদ্যালয় নেতৃত্ব প্রশাসনিক ও পরিচালন দায়িত্বের ঊর্ধ্বে উঠে কাজ করে । এটি বিদ্যালয়ের জন্য একটি লক্ষ্য মাত্রার বিকাশ সাধন করে। এবং সেই অনুযায়ী এতে যাবতীয় পরিকল্পনা সন্নিবিষ্ট করে। এর ফলে শিক্ষার্থীর কৃতিত্বের উৎকর্ষ সাধিত হয়। এবং শিক্ষার্থীর কৃতির উৎকর্ষতার জন্য সবকয়টি পরিকল্পনা একটি সরল রেখায় স্থাপিত করা হয়। এটি এই প্রক্রিয়ার সঙ্গে জড়িত ব্যক্তি সকলের সঙ্গে একটি সমতান সম্পর্ক স্থাপন করে এবং তাদের পরিকল্পনায় সিদ্ধান্ত গ্রহণে এবং সাধারণ প্রশাসনের সঙ্গে জড়িত করে। বিদ্যালয় নেতৃত্বের লক্ষ্য হল, যে স্থানীয় সমাজের ব্যাপক অংশগ্রহণ ও বিদ্যালয়ের কার্যে স্বত্বাধিকার গ্রহণ করা। এটি অবরিত অধ্যাপনার উন্নতির মাধ্যমে শেখা ও শেখানোর ক্ষেত্রে অবিরত উৎকর্ষসাধনে চেষ্টা করে। একটি বিদ্যালয়ের প্রয়োজন হল এজন বলিষ্ঠ ও আকর্ষক নেতার যিনি শিক্ষক, শিক্ষার্থীও সম্প্রদায়ের সদস্যদের পথ দেখানোর জন্যে এবং সর্বক্ষেত্রে দক্ষতা অর্জনের জন্যে দায়বদ্ধ থাকবেন।

## ভাবনা-চিন্তার বিষয়াবলী
## (Reflective prompts)

**প্রশ্ন ১ ঃ** বিদ্যালয়ের কি একটি স্পষ্ট লক্ষ্য /ব্রতসিদ্ধ বক্তব্য এবং বিকাশের পরিকল্পনা রয়েছে যা সর্বজনগ্রাহ্য এবং সর্বজনের অংশগ্রহণযোগ্য ?

**প্রশ্ন ২ ঃ** বিদ্যালয় প্রধান বিদ্যালয়ের দৈনন্দিন কর্মপন্থা কিভাবে সুচারুরূপে পরিচালনা করেন ?

**প্রশ্ন ৩ ঃ** বিদ্যালয় প্রধান শেখা ও শেখানোর প্রক্রিয়ায় অংশগ্রহণ ও তাতে অবদান রাখেন কী ?

**প্রশ্ন ৪ ঃ** বিদ্যালয় প্রধান বিদ্যালয়ের বিকাশের চাহিদা কতটা উপযুক্তভাবে সনাক্ত করেন এবং অবিরত উৎকর্ষসাধনের জন্য পরিবর্তনের ব্যবস্থা করেন ?

**প্রশ্ন ৫ ঃ** বিদ্যালয় প্রধান উপলব্ধ, বিত্তীয়, মানবীয় সম্পদ ও সামগ্রী সম্পর্কিত সম্পদের চালনা ও ব্যবহার কতটা ফলপ্রসূভাবে করেন ?

**প্রশ্ন ৬ ঃ** বিদ্যালয় প্রধান শেখানো ও শেখার প্রক্রিয়ার উৎকর্ষ সাধনের জন্য কী পরিমাণ সুচারুরূপে নেতৃত্ব প্রদান করেন এবং শিক্ষকের কৃতিবর্ধন নিশ্চিত করেন ?

**প্রশ্ন ৭ ঃ** বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের জন্য বিদ্যালয়ের প্রধান বিদ্যালয়ের কর্মচারী সদস্যদের সঙ্গে সুস্থ সম্পর্ক কীভাবে বজায় রাখেন ?

## পরিঘটনা নির্ভর তথ্য
## (Factual Information)

(প্রয়োজনে বিদ্যালয় প্রত্যুত্তরের জন্য একটি প্রশ্নের একের চেয়ে বেশী উত্তর দিতে পারে)

১। বিদ্যালয়ে একটি স্পষ্ট লক্ষ্য /ব্রতসিদ্ধ বক্তব্য (Mission Statement) আছে কি ? হ্যাঁ ☐ না ☐

যদি থাকে তবে ভবিষ্যতে বিদ্যালয়ের বিকাশের জন্য এতে কী কী মুখ্য বিষয় রয়েছে?

২। বিগত বছরের বিদ্যালয় বিকাশ পরিকল্পনা (SDP) উপলব্ধ কি? হ্যা ☐ না ☐

যদি হ্যাঁ তবে পরিকল্পনায় চলিত বছরের জন্য কী কী মুখ্য সুপারিশ করা হয়েছে?

৩। বিগত বছরের SDP রূপায়ণ করা হয়েছিল কি? হ্যাঁ ☐ না ☐

যদি হয়েছে তবে সেই বছরের জন্য সেটির লক্ষ্য কতদূর পর্যন্ত অর্জিত হয়েছে এবং যদি হয়নি, তবে পিছিয়ে যাওয়ার কারণ গুলো কী কী?

৪। (i) যে ক্ষেত্র গুলিতে বিদ্যালয় প্রধান প্রশিক্ষণ গ্রহণ করেছেন সেগুলি কী কী ?

(ক) বিত্তীয় পরিচালনা ☐ (খ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ☐

(গ) বিদ্যালয় নেতৃত্ব ☐ (ঘ) অন্যান্য (উল্লেখনীয়)

(ii) কবে এবং কোথায় তিনি প্রশিক্ষণ গ্রহণ করেছেন ?

৫। বিদ্যালয় প্রধান সাধারণত রুটিন প্রস্তুতির সিদ্ধান্ত কীভাবে গ্রহণ করেন ?

(ক) তাঁর নিজস্ব বুদ্ধি বিবেচনার মাধ্যমে ☐

(খ) কিছু শিক্ষকের সঙ্গে আলোচনা করে ☐

(গ) সব শিক্ষকদের জড়িত করে ☐

(ঘ) শিক্ষকবৃন্দ, মাতা-পিতা, বিদ্যালয় পরিচালনা সমিতি SMCকে জড়িত করে ☐

৬। শিক্ষকদেরকে প্রদত্ত নির্দেশনা/সিদ্ধান্ত স্পষ্টভাবে বোঝে -

(ক) সব শিক্ষক-শিক্ষয়িত্রীরা ☐

(খ) বেশিরভাগ শিক্ষক-শিক্ষয়িত্রীরা ☐

(গ) কেবল মাত্র কিছু সংখ্যক শিক্ষক-শিক্ষয়িত্রীরা ☐

(ঘ) কোনো শিক্ষক-শিক্ষয়িত্রীরাই নয় ☐

৭। কতদিন পরপর বিদ্যালয় প্রধান পরিকল্পনার প্রয়োগ পুনরীক্ষণ করেন এবং এটির অগ্রগতির পরিমাপন করেন বিশেষতঃ প্রাধ্যান্যপ্রদত্ত ক্ষেত্রে ?

(ক) নিয়মিতভাবে ☐

(খ) মাঝে মাঝে ☐

(গ) কদাচিৎ ☐

(ঘ) পুনরীক্ষণ করেন না ☐

৮। বিদ্যালয় প্রধান কি বিভিন্ন কাজের জন্য দলগঠন করে তাদের উত্তরদায়িত্ববান হিসেবে প্রস্তুত করেছেন।

হ্যাঁ ☐ না ☐

যদি হ্যাঁ, তবে সেই দলগুলো /সমিতিগুলো কারা এবং তাদের কী কী কার্যে দায়িত্ব দেওয়া হয়েছিল?

৯। বিদ্যালয় প্রধান কী ভাবে শিক্ষকদের কর্ম কৃতি পর্যবেক্ষণ করেন?

(ক) শিক্ষকদের সঙ্গে ব্যক্তিগতভাবে উন্নতি নিয়ে আলোচনার দ্বারা ☐

(খ) সময়ে সময়ে শিক্ষার্থীদের পরীক্ষা নিয়ে তাদের কৃতির পুণরীক্ষণ দ্বারা ☐

(গ) কখনও কখনও শ্রেণীকক্ষে শেখানোর ধরণ নিরীক্ষণ দ্বারা ☐

(ঘ) অন্যান্য (উল্লেখ করুন)

১০। বিদ্যালয় প্রধান শিক্ষার্থীর শেখার অগ্রগতি কীভাবে পর্যবেক্ষন করেন?

(ক) প্রতিটা শ্রেণীর শিক্ষার্থীর অবিরত সামগ্রিক মূল্যায়নের তথ্য পুনরীক্ষণ দ্বারা ☐

(খ) শিক্ষকদের সঙ্গে শিক্ষার্থীর কৃতির আলোচনার দ্বারা ☐

(গ) পরীক্ষায় সব শিক্ষার্থীর ফলাফল নিরীক্ষণ দ্বারা এবং সেইসময়ে উৎকর্ষ সাধন বা পরিবর্তনের জন্য ব্যবস্থা গ্রহণের দ্বারা ☐

(ঘ) বিদ্যালয় প্রধান অগ্রগতির পুনরীক্ষণ করেন না ☐

(ঙ) শিক্ষকগণ শিক্ষার্থীদের অগ্রগতি নিজেদের স্তরেই পর্যবেক্ষণ করেন ☐

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| লক্ষ্য নির্ধারণ ও দিক নির্দেশনা | বিদ্যালয় প্রধান বিদ্যালয় বিকাশ পরিকল্পনা (SDP) প্রস্তুত করেন; অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিগন এই পরিকল্পনা প্রণালীতে অংশগ্রহণের কোনো সুযোগ পান না | বিদ্যালয় প্রধান একটি লক্ষ্য /ব্রতাভিযানের বিকাশের দলিল তৈরী করেন। SDP কার্যসূচীতে শিক্ষকেরা জড়িত থাকেন; কার্যের প্রাথমিকতায় বিদ্যালয় প্রধান বেশীর ভাগ শিক্ষককে SDP বাস্তবায়র জন্য দায়িত্ব ভাগ করে দেন এবং এটি কর্মে প্রয়োগের জন্য নির্দেশনা দেন | বিদ্যালয় প্রধান বর্তমানে প্রচলিত কর্মপ্রণালীর নীতি, কার্যসূচির ভিত্তিতে সকল সংশ্লিষ্টবর্গকে লক্ষ্য ও অভিযানে যুক্ত করেন; এবং এসব ক্রমান্বয়ে বিকাশের নথিবদ্ধ করা হয়; এই দায়িত্ব সংশ্লিষ্টদের দ্বারা SDP সমপর্যায়ে গঠিত হয় এবং লক্ষ্য/অভিযানের দলিলে একে সন্নিবিষ্ট করা হয়; প্রয়োজনীয় কার্যের জন্য সঠিকরূপে প্রাধান্যতা তালিকা তৈরী হয়; সকল শিক্ষক নিজেদের কার্য ও দায়িত্ব ভালোভাবে পালন করেন এবং সেই রূপে আকাঙ্খিত উন্নতির জন্য কার্য করেন; লক্ষ ও SDP-র পুনঃ পুনঃ পুনরীক্ষণ নিয়মিতভাবে গ্রহণ করা হয়। |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| পরিবর্তন ও উৎকর্ষসাধনের নেতৃত্বদান | বিদ্যালয় প্রধান মনোযোগ দানযোগ্য ক্ষেত্রগুলো সম্বন্ধে বিশেষ সচেতন; প্রসাশনিক বা আনুষ্ঠানিক বাধ্যবাধকতা এবং তাৎক্ষণিক প্রয়োজন অনুযায়ী কার্য করেন; প্রয়োজনীয় পরিবর্তনটি সম্পর্কে কদাচিৎ আলোচনা করা হয় বা চিন্তাভাবনা করা হয় | বিদ্যালয় প্রধান শিক্ষকদের সঙ্গে আলোচনা করে বিদ্যালয়ের সবলতার বিন্দুগুলি সনাক্ত করবেন এবং যে ক্ষেত্রে উৎকর্ষ সাধনের প্রয়োজন সেটিও সনাক্ত করেন; প্রয়োজনীয় পরিবর্তনের বিষয়ে চিন্তাভাবনা করেন; কার্য বিন্দুটি সনাক্ত করবেন এবং তদনুযায়ী সঠিকভাবে কাজটি করেন; যুক্তিপূর্ণভাবে অগ্রগতির পরিমাপন করেন এবং সেই অনুযায়ী কাজের ধারাকে উন্নততর করেন (যেখানে প্রযোজ্য), শেখানো ও শেখার কাজে প্রতিফলিত পরিবর্তনগুলো সম্পর্কে মনোযোগ দিয়ে থাকে | বিদ্যালয় প্রধান সংশ্লিষ্ট সকলকে পরিবর্তনের প্রয়োজনীয়তা সম্পর্কে পরিষ্কারভাবে বার্তা দেন এবং এই বিষয়ে তাদের বোধগোম্যতাকে পরিবর্ধিত করেন; সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে যৌথভাবে প্রমাণ/নমুনার বিশ্লেষণ অন্যান্য উৎসের ভিত্তিতে সুস্পষ্ট লক্ষ্য স্থলগুলো সনাক্ত করে উৎকর্ষসাধনের ভাবী কৌশল প্রস্তুত করেন; পরিবর্তনের কারক হিসেবে কাজ করেন এবং অবিরতভাবে ক্রমবর্দ্ধমান উৎকর্ষের তদারকীকরণ করেন; পরিবর্তনকে বাস্তবায়নের উদ্দেশ্যে নেতৃত্বের ভূমিকা এবং ব্যক্তিগত দায়িত্ব ভাগ করে নেন; বিদ্যালয়তনিক কার্যাবলীর মধ্যে প্রমাণ ভিত্তিক পরিবর্তন ও উৎকর্ষ সাধনে শিক্ষকদের অনুপ্রেরণা যোগান |

| কেন্দ্রগত মান | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| **শেখানো ও শেখার নেতৃত্বদান** | বিদ্যালয় প্রধান এটা নিশ্চিত করে যে সব কয়টি ক্লাস প্রতিনিয়ত নেওয়া হয়; যদি কোনো শিক্ষক অনুপস্থিত থাকেন তবে বিকল্প ব্যবস্থা গ্রহণ করে; ফলপ্রসূরূপে শ্রেণীকক্ষে শেখানো হচ্ছে সেটি ঘুরে ঘুরে দেখে নিশ্চিত করে; বিভিন্ন শ্রেণির বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের কৃতির বিষয়ে অবহিত থাকেন | বিদ্যালয় প্রধান প্রতিনিয়ত বিভিন্ন শ্রেণির শেখানো ও শেখার প্রক্রিয়া নিরীক্ষণ করেন এবং শিক্ষককে ব্যক্তিগতভাবে লিখিত /মৌখিক প্রতিপুষ্টি প্রদান করেন; বিভিন্ন শ্রেণি ও বিষয়ে শিক্ষার্থীদের কৃতি বিশ্লেষণ ও পুনরীক্ষণ করেন এবং যথা নির্দিষ্ট বিষয় শিক্ষকের সঙ্গে সেই বিষয় নিয়ে আলোচনা করে | বিদ্যালয়ের প্রধান এবং শিক্ষকেরা যৌথভাবে বিদ্যালয়ে প্রচলিত শেখা ও শেখানোর প্রক্রিয়া এবং শিক্ষার্থীর সিদ্ধির উপর আলোকপাত করেন, শৈক্ষিক সূচক; শিক্ষার্থীকেন্দ্রিক বিষয় শিক্ষাদান, শিক্ষনের উদ্ভাবনীমূলক দৃষ্টিকোণ ইত্যাদির আলোকে প্রয়োজনীয় উৎকর্ষ সাধনের বিষয়ে আলোচনা করে, শিক্ষার্থীর কৃতি সম্পর্কে পিতা-মাতার সঙ্গে আলোচনা করেন |
| **বিদ্যালয়ের পরিচালনার অগ্রগতি** | বিদ্যালয় প্রধান নিয়মিত তালিকাভুক্ত কার্য ও (অন্যান্য কর্মচারী, সামগ্রী, বিত্ত ইত্যাদি বিষয় সম্বলিত) সম্পদের ব্যবস্থাপনা দেখেন; নির্দিষ্ট দায়িত্ব অর্পণ করেন, সিদ্ধান্তও গ্রহণ করেন; উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ ও আদেশ অনুযায়ী কার্য করেন; এসব নিয়ে আলোচনা করেন; প্রাপ্ত আদেশ ও নির্দেশের বিষয়ে সবাইকে অংশীদার করেন | বিদ্যালয় প্রধান ও শিক্ষকসহ কর্মচারীরা নিয়মিত তালিকাভুক্ত কার্যের পরিকল্পনা ও পরিচালনা করেন; (সেই সঙ্গে এসব কার্য যেমন কর্মচারী; সামগ্রী, বিত্ত ইত্যাদি বিষয়ের কার্যও সিদ্ধান্ত গ্রহণে শিক্ষকসহ কর্মচারীদের জড়িত করেন; বিদ্যালয় প্রধান সঙ্গে বিদ্যালয় বিকাশের (SDP) বিস্তারিত বিষয়ের আদান প্রদান করেন এবং কর্মচারী সদস্যদের স্পষ্ট নির্দেশ দেন এবং ফলপ্রসূ বাস্তবায়নের জন্য নেতৃত্ব দেন | বিদ্যালয়প্রধান ও শিক্ষকগণসহ একত্রিতভাবে আলোচনা করেন, পরিকল্পনা পিতা-মাতা ও শিক্ষার্থীর সঙ্গে আলোচনা করার পর তৈরী করেন; কর্মচারী সদস্যদের মধ্যে পারস্পরিক মতের ঐক্যে এবং দক্ষতার ক্ষেত্র অনুযায়ী দায়িত্ব বিতরণ করেন; পারস্পরিক সমর্থনে ব্যবস্থা গ্রহণ করেন এবং একত্রিতভাবে তদারকি পর্যবেক্ষণ ও মূল্যায়ণ করেন |

**বিদ্যালয়ের উৎকর্ষ সাধন**

## প্রমাণের উৎস
## Sources of Evidence

| | |
|---|---|
| প্রাসংগিক প্রমাণ (নীতি নিয়ম/ নির্দেশাবলী/ পঞ্জিপুস্তিকা / সরকারীভাবে জারী আদেশ | ➢ সর্বশিক্ষা অভিযান মিশনের বাস্তবায়ন পরিকাঠামো, অধ্যায়- iv (পৃষ্ঠা ৭৭-৭৯)<br>(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SSA-Frame-work.pdf)<br>➢ রাষ্ট্রীয় শিক্ষা মিশনের বাস্তবায়ন পরিকাঠামো, অধ্যায়- v (পৃষ্ঠা ৩৬-৩৭)<br>(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Framework_Final_RMSA_3.pdf)<br>➢ রাষ্ট্রীয় পাঠ্যক্রমের পরিকাঠামো, অধ্যায়- v (পৃষ্ঠা ১০৪-১০৫)<br>(http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf)<br>➢ শিক্ষার অধিকার আইন-২০০৯, অধ্যায়- iv দফা ২১ এবং ২২ পৃষ্ঠা নং ৭) এবং vii দফা ৩৫ আর ৩৮ পৃষ্ঠা নং ১০-১১)<br>(http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf)<br>➢ বিদ্যালয়ের নেতৃত্ব বিকাশ ঃ রাষ্ট্রীয় কার্যসূচীর রূপরেখা এবং পাঠ্যক্রমের পরিকাঠামো<br>(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SLDP_Framework_NCSL_NUEPA.pdf) |
| বিদ্যালয়ে উপলব্ধ সমর্থনযোগ্য প্রমাণ | ➢ দলিলীকৃত/লিখিত/প্রদর্শিত বিদ্যালয় লক্ষ্য/ব্রতবিষয়ক বিবৃতি।<br>➢ লক্ষ্যস্থল/ব্রতবিষয়ক বিবৃতির বিকাশ ও পুনরীক্ষণ কর্মে নিয়োজিত সদস্যদের নথি<br>➢ SDP -র প্রতিলিপি<br>➢ SDP প্রস্তুতের কাজে জড়িত সদস্যদের নথি, সেই SDP - র লক্ষ্য উপনীত হওয়ার জন্য প্রাধান্যভিত্তিক ক্ষেত্রের সনাক্তকরণ, কর্মপন্থা নির্ধারণ, সময়রেখা এবং দায়িত্ব প্রদানের সঙ্গে জড়িত ব্যক্তিদের নথি।<br>➢ বিদ্যালয়ের বিকাশ পরিকল্পনার বাস্তবায়নের নিয়মিত সন্ধান প্রদর্শনকারী নথি।<br>➢ SMC -র বৈঠকের কার্য বিবরণী<br>➢ বিদ্যালয়ে প্রচলিত কার্যাবলী এবং প্রক্রিয়ার উৎকর্ষ সাধনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছ থেকে পরামর্শ চেয়ে পাঠানো বিজ্ঞপ্তি।<br>➢ শিক্ষকদের দ্বারা কৃত নিজস্ব বিচার, সাথীদের দ্বারা কৃত বিচার, বিদ্যালয়ের প্রধান /ভারপ্রাপ্ত-র দ্বারা কৃত বিচার, অনুষ্ঠিত আলোচনাদিসহ বিদ্যালয়ের শিক্ষকদের আহিতকরনের প্রক্রিয়া প্রদর্শনকারী নথি, তৎপরবর্তী উৎকর্ষ সাধনের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত পন্থাসমূহের প্রতিপুষ্টি।<br>➢ পাঠ্যক্রমিক মানদণ্ড সমূহের সহজলভ্যতা এবং (পাঠ পরিকল্পনাতে নথিভুক্ত রূপে) প্রত্যেক শিক্ষক সহ প্রত্যেক বিষয়ের প্রত্যাশিত ফলাফল।<br>➢ মাস ভিত্তিতে বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন।<br>➢ শিক্ষক এবং অভিভাবকদের মধ্যে অনুষ্ঠিত সকল বৈঠকের শিক্ষক কর্তৃক সংরক্ষিত নথি, প্রত্যেক শিক্ষার্থীর কৃতি সম্পর্কে শিক্ষকদের মন্তব্য এবং পিতা-মাতাদের সঙ্গে আলোচনাক্রমে উদ্ভুত বিন্দু সমূহ। |

| প্রমাণ যা বিদ্যালয়কে সৃষ্টি করতে হয় | বিদ্যালয় নিম্নলিখিত উপায়/ কৌশল ব্যবহার করে প্রমাণ সৃষ্টি করতে পারে ঃ-<br>➢ বিদ্যালয়ের সম্পদ, শেখা ও শেখানোর প্রক্রিয়া, শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত কৃতপর্যবেক্ষণ এবং শ্রেণিকক্ষের নথি ।<br>➢ শিক্ষকদের কৃতির উপর ভিত্তি করে প্রদত্ত প্রতিপুষ্টির নথিভুক্তিকরন। |
|---|---|

## উত্তরণমূলক উদ্ভাবনীসমূহ
## Innovation (s)

## বিদ্যালয় নেতৃত্ব ও পরিচালনা

| কেন্দ্রগত মানদণ্ড | স্তর-১ | স্তর-২ | স্তর-৩ |
|---|---|---|---|
| লক্ষ্য নির্মাণ এবং দিক স্থিরীকরণ | | | |
| পরিবর্তনের নেতৃত্বদান এবং উৎকর্ষ সাধন | | | |
| শেখা ও শেখানোর নেতৃত্বদান | | | |
| বিদ্যালয় পরিচালনার নেতৃত্বদান | | | |

## উৎকর্ষসাধনের পরিকল্পনা

| কেন্দ্রগত মান | স্তর | উৎকর্ষ সাধনের ক্ষেত্র | প্রাধান্য ভিত্তিক উৎকর্ষ সাধনের ক্ষেত্র | | | প্রস্তাবিত কর্মপন্থা | সময়রেখা উপযুক্ত বর্ষে (✓) চিহ্ন দিন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| লক্ষ্য নির্মাণ এবং দিক্ স্থিরীকরণ | | | | | | | | | |
| পরিবর্তনের নেতৃত্বদান এবং উৎকর্ষ সাধন | | | | | | | | | |
| শেখা ও শেখানোর নেতৃত্বদান | | | | | | | | | |
| বিদ্যালয় পরিচালনার নেতৃত্বদান | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ    র-১ = বছর-১, ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

মুখ্য ক্ষেত্র - ৬

# Key Domain VI



# অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা

# মুখ্য ক্ষেত্র - ৬
# Key Domain VI

## অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা

### অথ মুখ্য ক্ষেত্র বিষয়ক

‘প্রত্যেকটি শিশু শিখতে পারে’ - এই ধারণাটা প্রাথমিক শিক্ষার ‘সার্বজনিনীকরণ ও এর ভিত্তি প্রস্তুত করে। সামাজিক-অর্থনৈতিক পটভূমি, জাতি, লিঙ্গাদি নির্বিশেষে প্রত্যেকটি শিশু শিখতে পারে এই ধাণাটিকে অধিকতরভাবে বিশ্বাসযোগ্যতা প্রদান করেছে শিক্ষার অধিকার আইন ২০০৯। এর ফলে এবার বিচিত্র পটভূমি থেকে আগত শিশুদেরকে শিক্ষালাভের আওতায় নিয়ে আসা প্রয়োজন হয়ে পড়েছে।’ অন্তর্ভুক্তির অর্থ কেবল ‘সবাইকে অন্তর্ভুক্ত করা’ নয়, সমানাধিকারের ভিত্তিতে প্রত্যেকটি শিশু যাতে সমান সুযোগ সুবিধা লাভ করতে পারে, সেই সুযোগ তৈরী করে দেওয়াকেও বোঝায়। আবার সকল শিশুকে সমতার ভিত্তিতে অন্তর্ভুক্ত করা গেলে সকল শিক্ষার্থীর জন্য একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ গঠন করতে হবে যার দ্বারা তাদের শারীরিক এবং আবেগিক সুস্থতা সুনিশ্চিত হবে, সুতরাং এই ক্ষেত্রটি প্রধানত বিদ্যালয়ে শিক্ষার্থীর স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি, শারীরিক  এবং আবেগিক নিরাপত্তার কেন্দ্রগত মানদণ্ডের উপর আলোকপাত করে। এটি প্রত্যেক সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, যথা-শিক্ষক-শিক্ষয়িত্রী, মাতা-পিতা এবং বৃহত্তর সামাজিক গোষ্ঠীর প্রত্যেকর জন্য একটি সর্বব্যাপী গ্রহীষ্ণুতার পরিবেশ গঠনের দিকে লক্ষ্য নির্দেশ করে।

## ভাবনা-চিন্তাৰ বিষয়াবলী
## (Reflective prompts)

**প্রশ্ন ১ ঃ** ‘অন্তর্ভুক্তিকরণ’ বলতে বিদ্যালয় কী বোঝে?

**প্রশ্ন ২ ঃ** বিদ্যালয় কিভাবে সকলের জন্য শারীরিক এবং আবেগিক নিরাপত্তার পরিবেশ গড়ে তোল?

**প্রশ্ন ৩ ঃ** সু-স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি সুনিশ্চিত করতে বিদ্যালয় কর্তৃক কী কী পদক্ষেপ গৃহীত হয়ে থাকে ?

**প্রশ্ন ৪ ঃ** দুর্যোগ মোকাবিলার জন্য বিদ্যালয় নিজেকে কিভাবে প্রস্তুত করে?

**প্রশ্ন ৫ ঃ** বিদ্যালয়টি তার চারসীমার বাইরে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা কীভাবে সুনিশ্চিত করে?

**প্রশ্ন ৬ ঃ** দুর্যোগ ব্যবস্থাপনার জন্য বিদ্যালয় নিজেকে কিভাবে প্রস্তুত করেছে?

## পৰিঘটনা নিৰ্ভৰ তথ্য
## (Factual Information)

(প্রয়োজনে বিদ্যালয় একটি প্রশ্নের উত্তরদানের জন্য একাধিক বিকল্পের চয়ন করতে পারে)

১। শিক্ষার্থীদের সংখ্যা

(ক) ছেলে __________ (খ) মেয়ে __________ (গ) অন্যান্য __________

২। বিদ্যালয়ে ভর্তীকৃত বিভিন্ন বিভাগ /পর্যায়ের ছাত্র-ছাত্রীদের সংখ্যা

(ক) অনুসূচিত জাতি ______ (খ) অনুসূচিত জনজাতি _____ (গ) অন্যান্য অনগ্রসর জাতি ______

(ঘ) দারিদ্র সীমারেখার নীচে/EWS __________________ (ঙ) সাধারণ _______ _________

(চ) বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশু __________________

৩। (ক) বিদ্যালয়ে ভর্তীকৃত বিভিন্ন বিভাগে বিভিন্ন পর্যায়ে বিশেষ প্রয়োজন-সম্পন্ন শিশুর সংখ্যা -

(খ) বিভিন্ন বিভাগের সহায়ক সরঞ্জাম প্রাপ্ত বিশেষ প্রয়োজন-সম্পন্ন শিশুর সংখ্যা—

৪। নিম্নলিখিত বিভাগের ছাত্র-ছাত্রী যাদের বৃত্তি প্রদান করা হয়েছে তাদের সংখ্যা -

(ক) বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশু ___________

(খ) দারিদ্র সীমারেখার নীচে/আর্থিকভাবে দুর্বল শ্রেণী EWS ______ (গ) অনুসূচিত জাতি ___

(ঘ) অন্যান্য অনগ্রসর জাতি ______________________________ (ঙ) মেয়ে ____________

(চ) অনুসূচিত জনজাতি ____________

৫। (i) CWSN (বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশুদের) জন্য দক্ষ ব্যক্তি (Resource Person) আছে কি? হ্যাঁ ☐ না ☐

(ii) যে সকল ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য কার্যক্রমের আয়োজন করা হয় -

(ক) প্রাথমিক চিকিৎসা ☐

(খ) বয়ঃসন্ধি/যৌন শিক্ষা ☐

(গ) পরোক্ষ - নির্যাতন ☐

(ঘ) নকল নিরাপত্তা অনুশীলন ☐

(ঙ) পথ সুরক্ষা/যানবাহন নিয়ন্ত্রণ কর্মসূচী ☐

৬। আগুন, ভূমিকম্প, বন্যা, ভূমিস্খলন ইত্যাদির ফলে সংঘটিত দুর্ঘটনার ক্ষেত্রে আপনার কাছে কোনো উদ্বাসন (Evacuation) পরিকল্পনা আছে কি ? হ্যাঁ ☐ না ☐

৭। যৌন নির্যাতন-এর মতো অপরাধের মোকাবিলা করার জন্য গঠিত সমিতি (যদি আছে) র তালিকা।

______________________________

৮। বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের জন্য কোনো ধরনের পরামর্শ প্রদান (.......) সত্রের আয়োজন করেছে ? হ্যাঁ ☐ না ☐

৯। (ক) গত বছর যে সকল ছাত্র-ছাত্রীদের ডাক্তারী/স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে তাদের সংখ্যা

______________________________

(খ) স্বাস্থ্য পরীক্ষার সময় যে বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে তার তালিকা

______________________________

(গ) গত বছর বিদ্যালয় কর্তৃক আয়োজিত শিবিরের সংখ্যা -

(i) ডাক্তারী/স্বাস্থ্য ________

(ii) হিমগ্লোবিন (HB) পরীক্ষা শিবির ________

(iii) পথ সুরক্ষা সজাগতা কার্যসূচী ________

(iv) স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি ও স্বচ্ছতাবিধানের সজাগতা শিবির ________

(ঘ) (i) ডাক্তারী/স্বাস্থ্য শিবিরের জন্য কতবার স্বাস্থ্য বৃত্তিক (Health Practitioner)কে আমন্ত্রণ করা হয়েছে?
____________

(ii) স্বাস্থ্য বৃত্তিকদের-এর বিশদ তথ্য দিন ________________________

______________________________

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| অন্তর্ভুক্তিমূলক সংস্কৃতি | কোনো শিশু যাতে জাতি, লিঙ্গ, ভাষা, অর্থনৈতিক অবস্থা, শারীরিক অক্ষমতার কারণে বিদ্যালয়ে ভর্তি হওয়া থেকে বঞ্চিত না-হয়, বিদ্যালয় তা সুনিশ্চিত করে থাকে; বিবিধ পটভূমি থেকে আগত মাতা-পিতারা যাতে তাদের শিশুদের নিয়মিত বিদ্যালয়ে প্রেরণ করেন সে ব্যাপারে রাজি করায় | জাতিগত, লিঙ্গগত, সামাজিক তথা অর্থনৈতিক পটভূমির ভিত্তিতে শিক্ষক-শিক্ষয়িত্রীরা শ্রেণিকার্য, ক্রিয়াকলাপ, বসার ব্যবস্থা ইত্যাদি ক্ষেত্রে শিশু, মাতা-পিতা, সহপাঠী ও বিদ্যালয়ের অন্যান্য কর্মচারীদের মধ্যে সাম্য বজায় রাখে; সাম্যস্থাপনে মেয়েদের ও সমাজের অবহেলিত শ্রেণির প্রতি বিশেষ মনোযোগ দেন | ভিন্ন ভিন্ন রকমের ক্ষমতা সম্পন্ন এবং পটভূমি থেকে আগত শিশুদের প্রয়োজন পূরণে বিদ্যালয় তৎপর থাকে; বিভিন্ন শারীরিক আবেগিক এবং শৈক্ষিক ক্ষমতা-নির্বিশেষে সকল শিশুদের অংশগ্রহণে নিশ্চয়তা ও গুরুত্ব প্রদান করে; বিবিধ পটভূমি থেকে আগত মাতা-পিতাদের SMC/SMDC -র বৈঠকে তথা অন্যান্য বিদ্যালয়-কেন্দ্রিক ক্রিয়াকলাপে সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করে |
| বিশেষ ক্ষমতা সম্পন্ন শিশুদের অন্তর্ভুক্তিকরণ | দৃষ্টিহীন শিশুদের বিষয়ে শিক্ষক-শিক্ষয়িত্রীরা অবগত; বিদ্যালয় এই বিষয়ে নথি লিপিবদ্ধ করে তা চালু রাখে; যে সমস্ত ক্রিয়াকলাপের জন্য পুঁজি এবং সম্পদ বরাদ্দ করা হয়, তাতে সমর্থন যোগায় ও সেই ধরণের ক্রিয়া-কলাপের দলিলীকরণ করে | বিশেষভাবে সক্ষম লোকদের জন্য প্রণীত আইন সম্পর্কে বিদ্যালয় অবগত; বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশু সনাক্তকরণে ও তাদের সাহায্য প্রদানে বিদ্যালয় উপলব্ধ সমর্থ ব্যক্তিদের থেকে সম্ভাব্য সাহায্য গ্রহণ করে; পাঠ্যক্রমিক উপকরণ এবং বিশেষ সহায়ক সামগ্রীর সাহায্যে শিক্ষকগণ তাদের প্রয়োজন পূরণের চেষ্টা করে; পাঠনের বিষয়বস্তুর মধ্যে সামান্য রদবদল, উপযুক্ত পাঠন দৃষ্টিভংগী এবং মূল্যায়ন পদ্ধতি ইত্যাদির অভিযোজনের মাধ্যমে তাদের জন্য উপযুক্ত পাঠ্যক্রম অনুসরণ করে, মা-বাবার সঙ্গে যৌথ বোঝাপড়ার ভিত্তিতে নির্ধারিত পাঠনস্তর অনুসারে বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশুদের পাঠাভ্যাস নিশ্চিত করে | বিদ্যালয় বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশুদের [CWSN] শনাক্তকরণ এবং তাদের জন্য প্রয়োজনীয় পরবর্তী সংস্থানের উদ্দেশ্যে সমাজ এবং স্থানীয় বেসরকারী সংস্থাকে যুক্ত করে; CWSN দের অগ্রগতির নিয়মিত পর্যবেক্ষণ ও নথিভুক্তীকরণ করে; অন্যান্যদের সঙ্গে CWSN-দেরও সাধারণ শ্রেণিকক্ষে অন্তর্ভুক্ত করে; এই কাজের জন্য শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে সমর্থ করে তোলে; শিক্ষকগণ বিশেষভাবে সক্ষম ব্যক্তিদের কৃতিত্বের উৎসাহদানকারী গল্পসমূহ ভাগ করে নেন |

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| শারীরিক নিরাপত্তা | বিদ্যালয়ে পথ সুরক্ষা নীতিসহ এবং বিদ্যালয় ভবনের নিরাপত্তা বিষয়ক বিদ্যমান নীতিনিয়ম, সম্পর্কে বিদ্যালয় তার অনুবর্তিতার স্থিতি পরীক্ষা করেছে; যদি কোনো বাড়তি নির্মাণকার্য চলতে থাকে তবে তার সঙ্গে বর্তমান বিদ্যালয় ভবনের সুরক্ষা সুনিশ্চিতকর ব্যবস্থা গ্রহণ করে; ভবন এবং তার চারপাশে প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থা যেমন সুরক্ষা উপকরণ সম্পর্কীয় নির্দেশাবলী প্রদর্শন, জরুরী বহির্গমন পথ, জরুরী যোগাযোগের নম্বর, প্রাথমিক চিকিৎসা উপকরণ, অগ্নি নির্বাপক সামগ্রী ইত্যাদি বিদ্যালয়ে মজুত থাকার ব্যাপারে সুনিশ্চিত করে | রান্নাঘর এবং পরীক্ষাগারের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বনের মাধ্যমে সম্ভাব্য বিপত্তিজনক সামগ্রীর নিরাপদ মজুত করণের ব্যাপারে বিদ্যালয় নিরাপত্তা সুনিশ্চিত করে; আগন্তুকের আগমন ও নির্গমন পর্যবেক্ষণ করে, বাধ্যতামূলকভাবে নিরাপত্তা ড্রিল করায়, জরুরী অবস্থার মোকাবিলার ক্ষেত্রে স্থানীয় সংস্থার সঙ্গে মিলিত হয়ে ব্যবস্থা গ্রহণ করে; পথভ্রষ্ট কুকুর, তীক্ষ্ণদন্তী প্রাণী, সরীসৃপের হাত থেকে ভবনকে রক্ষা করার ব্যবস্থা গ্রহণ করে, সকল নিরাপত্তাজনিত ক্রিয়াকলাপের জন্য দায়িত্ব বরাদ্দ করে; দুর্ঘটনা-প্রবণ স্থান শনাক্ত করে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দ্বারা দুর্ঘটনা নিবারণের উদ্দেশ্যে বিদ্যালয়ের আশে-পাশে সাইনবোর্ড স্থাপন করায়; ব্যস্ততম সময়ে দুর্ঘটনা প্রবণ স্থান গুলিতে যান-বাহনের নিয়ন্ত্রণে দায়িত্ব-প্রাপ্ত অধিকারিকদের উপস্থিতি সুনিশ্চিত করে | বিদ্যালয় সকল সংশ্লিষ্টবর্গের জন্য দুর্যোগ মোকাবিলার ব্যবস্থাপনার উপর সজাগতামূলক কার্যসূচি গ্রহণ করে; বিদ্যালয়ের জরুরী পরিস্থিতি সামলাবার একটি সংগঠিত পরিকল্পনা রয়েছে যেটাতে যোগাযোগ মাধ্যম রক্ষণাবেক্ষণ চুক্তি (তীক্ষ্ণদন্তী প্রাণী ও পশুদের কবল থেকে ভবনকে রক্ষা করা ইত্যাদি) এসব অন্তর্ভুক্ত আছে; অনবরতভাবে এই পরিকল্পনা ও ব্যবস্থাতন্ত্রের পুণরীক্ষণ করা হয়; শিক্ষার্থীদের নিরাপত্তার উপায় অবলম্বন এবং সতর্কতা সম্পর্কে ওয়াকিবহাল করে তোলার জন্য মাঝে মাঝে প্রশিক্ষণ, কর্মশালা ও আলোচনা চক্রের আয়োজন করা হয়; শেখা ও শেখানো প্রক্রিয়ার পাশাপাশি সজাগতার কার্যসূচি ও নিরাপত্তা ড্রিলও অন্তর্ভুক্ত করা হয়; যানবাহন নিয়ন্ত্রণ সজাগতা সৃষ্টি কর্মসূচিতে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে তাদের যানবাহনের ব্যবস্থা যাতে নিরাপদ হয় তা খতিয়ে দেখে |

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| মানসিক নিরাপত্তা | শিশু নির্যাতন ও বঞ্চনা বিষয়ে গৃহীত নীতি সম্পর্কে বিদ্যালয় অবহিত; মৌখিক গালিগালাজ, অপব্যবহার বা শারীরিক শাস্তিদান ঘটতে দেয়না | শিক্ষক ও বিদ্যায়তনিক কর্মচারীবৃন্দ যৌন /শারীরিক/প্রকৃত নির্যাতনের লক্ষণগুলো চেনার প্রশিক্ষণপ্রাপ্ত; 'সদুদ্দেশ্যে কৃত স্পর্শ' এবং 'অসুদ্দেশ্যে কৃত স্পর্শ' - এর মধ্যে পার্থক্য বুঝাতে চেতনা সৃষ্টি করে; ডিজিট্যাল/নন ডিজিট্যাল যেকোনো আপত্তিজনক বস্তুযুক্ত শিক্ষণ -বিষয় নিষিদ্ধ করে; কোন শিশু যাতে একা জনবিরল/ অন্ধকার স্থানে ছাড়া না-থাকে, তা সুনিশ্চিত করে; পরিমাপন, বিশেষ কার্য সম্পাদনাদির মধ্যে যথেষ্ট অন্তর সৃষ্টির দ্বারা অতিরিক্ত কার্যভারের ফলে শিশুদের উপর যাতে বিপরীত মানসিক প্রভাব নাপড়ে এটাও সুনিশ্চিত করে; শিশু ও মাতা-পিতার নালিশাদির বিহিত করার জন্য বিদ্যালয়র একটি সক্ষম ব্যবস্থা রয়েছে; বিদ্যালয়ে কর্মরত সকল প্রাপ্তবয়স্কদের পৃষ্ঠভূমি সম্পর্কে খোঁজ-খবর /পরীক্ষা করার দায়িত্ব পালন করে বিদ্যালয় | সকল শিশুদের ভাবানুভূতির নিরাপত্তা সুনিশ্চিত করতে বিদ্যালয় একটা গাঁথুনীযুক্ত ব্যবস্থা অবলম্বন করে; এই সব ব্যবস্থার মধ্যে রয়েছে আলোচনা ও কথাবার্তার মাধ্যমে চেতনা সৃষ্টি, শিশুনির্যাতন বিষয়ে কার্যসূচী, যৌন ও বয়ঃসন্ধিকালীন শিক্ষা, নিয়মিত একেকজন করে পরামর্শমূলক সাক্ষাৎকার, নালিশ ও আপত্তি নিরসনে বার্তালাপ; বিদ্যালয় ভাবানুভূতি সম্পর্কিত নীতির বাস্তবায়নের ক্রিয়াসমূহ নিয়ন্ত্রণ করে এবং নিয়মিতভাবে সেসবের পর্যালোচনা করে; পাঠ্যবিষয়াদির অতিরিক্তভার ও চাপ সংক্রান্ত দুশ্চিন্তা থেকে শিশু তথা মাতা-পিতাকে মুক্ত করতে পরামর্শমূলক সাক্ষাৎকারের ব্যবস্থা করে— এতে পরিস্থিতির মোকাবিলা করার কৌশল অভ্যাসে শিশুরা সহায়তা লাভ করে; যথাপ্রযোজ্য বয়োগোষ্ঠির জন্যে নিয়মিত কর্মসংস্থান বিষয়ক সাক্ষাৎকারও অনুষ্ঠিত হয় |

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| স্বাস্থ্য ও স্বাস্থ্য রক্ষা | বিদ্যালয় কখনও কখনও নিজ প্রাঙ্গণের স্বচ্ছতা ও আবর্জনা-নিষ্কাশন ব্যবস্থা এবং শিশুদের ব্যক্তিগত স্বাস্থ্য-পরীক্ষা করে; আবর্জনা ফেলার জন্যে ডাষ্টবিনের ব্যবস্থা করে; সকল শিশুদের উচ্চতা ও ওজনের খতিয়ান নথিবদ্ধ করে রাখে | স্বাস্থ্য, স্বাস্থ্যরক্ষা ও আবর্জনা নিষ্কাশনের ব্যাপারে বিদ্যালয়ের একটা নীতি আছে; নিয়মিত নিরীক্ষা ও প্রচেষ্টার মাধ্যমে অবিরতভাবে স্বচ্ছতা ও আবর্জনা নিষ্কাশনকে, মধ্যাহ্নভোজনের গুণমান এবং শিশুদের ব্যক্তিগত স্বাস্থ্যের ব্যাপারটিকে সুনিশ্চিত করে, আবর্জনা দূরীকরণের জন্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে; চেতনা সৃষ্টিকারী কর্মসূচি প্রবর্তন করে; শিশুদের স্বাস্থ্যসম্পর্কিত অবস্থান পরীক্ষার উদ্দেশ্যে তাদের 'গ্রোথচার্ট' তৈরী করে, নিয়মিত প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা (দাঁত ও চক্ষুসহ)-র ব্যবস্থা করে | বিদ্যালয় ও SMC মিলিতভাবে বিদ্যালয়স্থ স্বচ্ছতা, আবর্জনা নিষ্কাশন এবং শিক্ষার্থীদের ব্যক্তিগত স্বাস্থ্যরক্ষার ব্যাপারটির দেখাশুনা করে; স্বাস্থ্য ও ময়লা নিষ্কাশন বিষয়ে মাতা-পিতা/অভিভাবকদের জন্যে কার্যসূচি/কর্মশালা সঞ্চালিত করে; এসব কাজে স্বাস্থ্য বিষয়ক পেশাদার ব্যক্তিবর্গকে আমন্ত্রণ করে, বিদ্যালয়ে গোচরীভূত স্বাস্থ্যসংশ্লিষ্ট সমস্যা সম্পর্কে মাতা-পিতা/অভিভাবকদেরকে উপদেশ প্রদান করে; প্রকৃতার্থে কুকর্মনিরত শিশুদের জন্য পেশাদারী স্বাস্থ্য কর্মীর মাধ্যমে পরামর্শ-উপদেশ প্রদানের ব্যবস্থা করে |

## বিদ্যালয়ের উৎকর্ষসাধন

## প্রমাণের উৎস
## Sources of Evidence

| | |
|---|---|
| প্রাসঙ্গিকতাপূর্ণ প্রমাণ/ (নীতিনিয়ম /নির্দেশরেখা/ পঞ্জিপুস্তিকা/ সরকারী আদেশসমূহ | ➢ RMSA Framework, Chapter-IV (pp. 22-28), VI (pp. 42-47) (http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Framework_Final_RMSA_3.pdf)<br>➢ SSA, Framework, Chapter-III (pp. 23-53) (http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SSA-Frame-work.pdf)<br>➢ NCF-2005 : Chapter-IV (pp. 78-100) (http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf)<br>➢ RTE Act- 2009 : Chapter-II (clause 3 at p. 3) IV (clause 17 at p. 6), VI (clause 31 at p. 9) (http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf)<br>➢ Swachh Bharat Swachh Vidyalaya, 2014 (pp 1-45) (http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Eng_Swachch-Bharat-Swachch-Vidhalaya.pdf)<br>➢ School Safety, National Disaster Management Division (http://www.ndmindia.nic.in/School%20Safety%20Draft_Series1.0.pdf) |
| বিদ্যালয়ে উপলব্ধ সহায়ক প্রমাণ | ➢ বিস্তারিত পটভূমিকা সহ শিশুদের নামভর্তির নথি<br>➢ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি এবং অন্তর্ভুক্তি বিষয়ক প্রকল্পের তালিকা<br>➢ শিক্ষকদের দ্বারা সনাক্ত করা CWSN-দের প্রয়োজনীয় সহায়ক সামগ্রীর তালিকা<br>➢ CWSN- দের প্রয়োজনীয় শিক্ষা কার্যক্রম সম্পর্কিত সামগ্রী, সহায়ক সামগ্রী ও যন্ত্রপাতির উপলব্ধতার তালিকা<br>➢ মাতা-পিতাদের দ্বারা অংশগৃহীত বিদ্যালয়ের ক্রিয়াকলাপ, কার্যসূচি ইত্যাদির তালিকা<br>➢ সদুদ্দেশ্যপূর্ণ স্পর্শ এবং অসদুদ্দেশ্যপূর্ণ স্পর্শ, শিশু নির্যাতন ইত্যাদির মতো স্পর্শকাতর বিষয়, স্বাস্থ্য এবং নিরাপত্তাজনিত বিষয় নিয়ে বিদ্যালয়ের দ্বারা প্রদর্শিত নমুনা<br>➢ বিদ্যালয়ে জরুরীকালীন অবস্থায় গ্রহণযোগ্য পরিকল্পনা<br>➢ শিক্ষার্থী এবং মাতা-পিতাদের নালিশ, আপত্তি গ্রহণের জন্য গৃহীত ব্যবস্থা, বিদ্যালয়ে অভিযোগ জানানোর জন্যে নির্দিষ্ট বাক্সের উপলব্ধতা<br>➢ শিক্ষার্থীদের জন্য এক এক করে পরামর্শমূলক সাক্ষাৎকাররের নথি<br>➢ শিশুদের স্বাস্থ্য পরীক্ষার নথি<br>➢ ভবনের সুরক্ষার জন্যে গৃহীত ব্যবস্থাপনার নথি<br>➢ পরিষ্কার-পরিচ্ছন্নতা পরীক্ষাকরণের নথি<br>➢ নিরাপত্তা, স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি সম্পর্কে চেতনা/সজাগতা সৃষ্টির কর্মসূচির নথি |
| **বিদ্যালয়কে যেসব প্রমাণ তৈরী করতে হয়** | বিদ্যালয় নিম্নোক্ত উপায়/কৌশল অবলম্বন করে প্রমাণ /নমুনা তৈরী করতে পারে ঃ<br>➢ স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি এবং তৎসংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে বিদ্যালয়ের পর্যবেক্ষণ অভিমত<br>➢ সকল শিশুদের প্রয়োজন পূরণের উদ্দেশ্যে মাতা-পিতা, শিক্ষার্থী, সমাজের সঙ্গে পারস্পরিক মত বিনিময় |

উত্তরণমূলক

## উদ্ভাবন Innovation (s)

# প্রত্যুত্তরের ছাঁচ
# (Response Matrix)

## অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা

| কেন্দ্রগত মান | স্তর-১ | স্তর-২ | স্তর-৩ |
|---|---|---|---|
| সর্বজনগৃহীত সংস্কৃতি | | | |
| বিশেষ প্রয়োজনসম্পন্ন শিশুদের অন্তর্ভুক্তি | | | |
| শারীরিক নিরাপত্তা | | | |
| মনোবৈজ্ঞানিক নিরাপত্তা | | | |
| স্বাস্থ্য ও স্বাস্থ্যরক্ষা | | | |

## উৎকর্ষ সাধনার্থে পরিকল্পনা

| কেন্দ্রগত মানদণ্ড | স্তর | উৎকর্ষ সাধন ক্ষেত্র | উৎকর্ষসাধনের জন্যে চিহ্নিত প্রাধান্যযুক্ত ক্ষেত্র | | | প্রস্তাবিত কর্মপন্থা | সময়রেখা যথোপযুক্ত বর্ষে (✓) চিহ্ন প্রদেয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| সর্বগ্রহীষ্ণু সংস্কৃতি | | | | | | | | | |
| বিশেষ প্রয়োজনযুক্ত শিশুদের অন্তর্ভুক্তি | | | | | | | | | |
| শারীরিক নিরাপত্তা | | | | | | | | | |
| মনোবৈজ্ঞানিক নিরাপত্তা | | | | | | | | | |
| স্বাস্থ্য এবং স্বাস্থ্যবিধি | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ    র-১ = বছর-১, ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

# মুখ্য ক্ষেত্র - ৭
# *Key Domain* VII



## সমাজের ফলপ্রসূ অংশগ্রহণ

# মুখ্য ক্ষেত্র - ৭
# Key Domain VII

## সমাজের ফলপ্রসূ অংশগ্রহণ

**অথ মুখ্য ক্ষেত্র বিষয়ক**

সমাজ-গোষ্ঠী বলতে সাধারণ-বিদ্যালয় পরিচালনা সমিতি (SMC)- র সদস্য, শিক্ষক-শিক্ষয়িত্রী, শিক্ষার্থী, মাতা-পিতা, অভিভাবকবৃন্দ, স্থানীয় বাসিন্দা, সংশ্লিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং বেসরকারী সংস্থাকে বোঝায়। সামাজিক গোষ্ঠীর সদস্যদের একসঙ্গে নিয়ে কাজ করা বিদ্যালয়ের উন্নয়নের পক্ষে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। শিক্ষার্থীদের গুণগত শিক্ষাপ্রদান এবং এর লক্ষ্যবিন্দুতে পৌছনোর উদ্দেশ্যে একটি বিদ্যালয়ের সামাজিক গোষ্ঠীর সদস্যদের সাহায্যের প্রয়োজন রয়েছে। সমাজ-গোষ্ঠীর সঙ্গে বিদ্যালয়ের সক্রিয়ভাবে জড়িত হওয়ার ফলে বিদ্যালয়ের সম্পদসমূহের চূড়ান্ত সদ্ব্যবহার, শিক্ষার্থীদের সর্বাঙ্গীন বিকাশ এবং বিদ্যালয়ের উন্নততর ব্যবস্থাপনা সুনিশ্চিত হয়। সুতরাং একটি বিদ্যালয়কে সামাজিক গোষ্ঠীর সঙ্গে অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে হয়, যারফলে বিদ্যালয় এবং সামাজিক গোষ্ঠী উভয়েই লাভবান হয়। প্রতিটি বিদ্যালয়েই SMC/SDMC গঠন করা হয়েছে যাতে তারা পরিকল্পনা, বিদ্যালয় ব্যবস্থাপনা, বাস্তবায়ন, সম্পদ সঞ্চালন এবং তদারকীকরণের ক্ষেত্রে অংশ গ্রহণ করতে পারে। শিক্ষার্থীর সংখ্যাবৃদ্ধি, স্থিতি বজায় রাখা, শেখা-শেখানো এবং শৈক্ষিক ফলাফলের উৎকর্ষ সাধনেও এটি মুখ্য ভূমিকা পালন করে।

## ভাবনা-চিন্তাৰ বিষয়াবলী
## (Reflective prompts)

**প্রশ্ন ১ ঃ** SMC/SDMC/সামাজিক গোষ্ঠী কীভাবে বিদ্যালয়ের পরিকল্পনা প্রণয়ন এবং ব্যবস্থাপনায় অবদান রাখে?

**প্রশ্ন ২ ঃ** শৈক্ষিক ফলাফল এবং শেখা ও শেখানোর উৎকর্ষ সাধনে সামাজিক গোষ্ঠী /SMC/SDMC কী ধরনের ভূমিকা পালন করে ?

**প্রশ্ন ৩ ঃ** সামাজিক গোষ্ঠীর সঙ্গে বিদ্যালয় কী ধরনের যোগসূত্র স্থাপন করে ?

**প্রশ্ন ৪ ঃ** বিদ্যালয় তার উন্নতিকল্পে কীভাবে সামাজিক গোষ্ঠীর সম্পদ নিয়োজিত করে ?

**প্রশ্ন ৫ ঃ** বিদ্যালয়ের উন্নতিকল্পে সামাজিক গোষ্ঠী কীভাবে তার সম্পদের নিয়োজন করে ?

## পরিঘটনা নির্ভর তথ্য
## (Factual Information)

(প্রয়োজনে বিদ্যালয় একই প্রশ্নের একাধিক বৈকল্পিক প্রত্যুত্তর দিতে পারে)

১. SMC/SDMC -র সদস্য সংখ্যা ———

২. SMC/SDMC -র গঠন

(প্রদত্ত কোঠার প্রত্যেক বর্গের জন্য প্রতিনিধির সংখ্যা প্রদেয়)

(ক) পিতা-মাতা ————(খ) শিক্ষক-শিক্ষয়িত্রী ——(গ) মহিলা ————

(ঘ) সংখ্যালঘু ———— (ঙ) স্থানীয় কর্তৃপক্ষ ——— (চ) অনুসূচিত জাতি/অনুসূচিত জনজাতি —

৩. বিগত শৈক্ষিক বর্ষে আয়োজিত বৈঠকের সংখ্যা ————

৪. বিগত শৈক্ষিক বর্ষে আয়োজিত বৈঠকে গড় উপস্থিতি ————

৫. প্রশিক্ষণপ্রাপ্ত SMC/SDMC -র সদস্য সংখ্যা ————

৬. বিগত বর্ষে SMC/SDMC -র সদস্য যে যে ক্ষেত্রে /ক্রিয়াকলাপে বিদ্যালয়কে সহায়তা করেছেন ---------

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| SMC/SDMC-র গঠন ও ব্যবস্থাপনা | পূর্বনির্ধারিত আলোচ্যতালিকা ছাড়াই সভা অনুষ্ঠিত হয়; কেবল বিশেষ কয়েকজন সদস্যই বৈঠক গুলিতে উপস্থিত থাকেন; SMC/SDMC বেশির ভাগ ক্ষেত্রেই অর্থনৈতিক ও নির্মাণ সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নিয়ে থেকে | যথাবিহিত পদ্ধতিতে প্রয়োজনানুসারে পূর্ব বিজ্ঞপ্তি এবং নির্দিষ্ট আলোচ্য তালিকা অনুযায়ী বৈঠকসমূহ অনুষ্ঠিত হয়; অধিকাংশ সদস্যরা বৈঠকে উপস্থিত থেকে আলোচনায় অংশগ্রহণ করেন; অর্থনৈতিক এবং পরিকাঠামো সারা অন্যান্য বিষয়েও SMC/SDMC সিদ্ধান্ত গ্রহণ করে | SMC/SDMC-র বৈঠক সুনিয়মিতভাবে অনুষ্ঠিত হয় এবং প্রয়োজনে অতিরিক্তভাবে বাইরেও বৈঠক হয়; বিশেষ নির্ধারিত সমস্যা এবং তা নিরসনের পরিকল্পনা আলোচিত হয়; SMC/SDMC এইসব সিদ্ধান্তের প্রয়োগে সহায়ক হন; তদারকি করেন এবং সিদ্ধান্তের বাস্তবায়নের পর্যালোচনা করেন |
| বিদ্যালয়ের উৎকর্ষসাধনে ভূমিকা | SMC/SDMC RTE Act-2009 তথা বিদ্যালয় সংক্রান্ত বিষয়ে SSA/RMSA -র ব্যবস্থাদি সম্পর্কে অবহিত, SMC/SDMC -র বৈঠকে বিদ্যালয়ের উন্নয়ন বিষয়ক পরিকল্পনা (SDP) -র আলোচনায় সকলে অংশগ্রহণ করেন | SMC/SDMC RTE Act-2009 এবং SSA/RMSA -র ব্যবস্থাদির রূপায়ণে সহায়তা করে এবং সেসব মেনে চলতে ব্যবস্থা গ্রহণ করে; SDPতে তাৎক্ষণিকভাবে মনোযোগ দেওয়া প্রয়োজন এমন বিষয়ে কর্তব্যের সম্পর্কে পরামর্শ দান করে; সমাজ গোষ্ঠীর সঙ্গে RTE 2009 এবং SSA/RMSA সংক্রান্ত তথ্যাদির জ্ঞান ভাগ করে নেয় | SMC/SDMC বিদ্যালয়ের মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে; উন্নয়নে প্রাধান্যদানযোগ্য প্রয়োজনের সনাক্তীকরণ করে; শিক্ষকদের সঙ্গে যুগ্মভাবে SDP তৈরী করে এবং সামগ্রিক উন্নয়নের জন্যে এর বাস্তবায়নের তদারকি করে |

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| বিদ্যালয় সমাজ-গোষ্ঠী যোগ সূত্র | মাতা-পিতা এবং সমাজ-গোষ্ঠীর সদস্যগণ বিদ্যালয়ের উৎসবাদিতে, ক্রিয়াকর্মে আমন্ত্রিত হন; বিদ্যালয়ে উপলব্ধ সুবিধাদির বিষয়ে মাতা-পিতাদেরকে বিদ্যালয় অবহিত করে এবং বর্তমানে সম্মুখীন সমস্যাদি বিষয়েও বিজ্ঞাপিত করে | বিদ্যালয় সমাজ-গোষ্ঠীর সঙ্গে পারস্পরিকভাবে ক্রিয়া-প্রতিক্রিয়া চালিয়ে থাকে এবং শিক্ষার্থীদের সামাজিক-অর্থনৈতিক পটভূমি, ভর্তি-সংখ্যা, উপস্থিতি ইত্যাদি সম্পর্কে আলোচনা করে; বিদ্যালয়ের সংস্থান এবং তার সুবিধাগুলির উৎকর্ষ সাধনের জন্য SMC সম্পদ সংগ্রহ করে; বিদ্যালয় এবং সমাজ-গোষ্ঠী যুগ্মভাবে বিদ্যালয়ে এবং সমাজে ক্রিয়াকর্ম উৎসবাদি অনুষ্ঠিত করে | বিদ্যালয় এবং সমাজ-গোষ্ঠী যৌথভাবে বিদ্যালয়ের প্রয়োজনগুলি পর্যালোচনা করে বিদ্যালয়ের লভ্য সম্পদ সনাক্ত করে, বিদ্যালয়ের অধিকতম উৎকর্ষ সাধনের জন্যে পরিকল্পনা করে; সেগুলির চূড়ান্ত ব্যবহার করে; বিদ্যালয় এবং সমাজ-গোষ্ঠী অন্যান্য উৎসের দিকে সম্পদের জন্য সাহায্য খুঁজে যায়, যেমন - NGO, কর্পোরেট সংস্থা, ভূতপূর্ব শিক্ষার্থী |
| বিদ্যাশিক্ষার উৎসরূপে সমাজ-গোষ্ঠী | বিভিন্ন প্রতিষ্ঠান /নিকটস্থ প্রসিদ্ধ স্থানে ভ্রমণের ব্যবস্থা করার জন্যে বিদ্যালয় সমাজ-গোষ্ঠার সহায়তা কাজে লাগায় | সমাজ-গোষ্ঠীর সংস্কৃতি, মৌখিক ইতিহাস এবং ঐতিহ্যগত বিদ্যা (লোকগীতি, শিল্প ও হাতের কাজ, কৃষিগত প্রক্রিয়া আদি) বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে বুঝাবুঝি গড়ে তুলতে চেষ্টা করে; সমাজ-গোষ্ঠীর বিখ্যাত মানুষদের, গুরুত্বপূর্ণ স্থান এবং বৈশিষ্ট্য সমূহের আলোকচিত্রাদি প্রদর্শন করে; শিক্ষার্থীদের সঙ্গে পারস্পরিক আলাপ আলোচনার জন্যে স্থানীয় শিল্পী ও শিল্পীদের আমন্ত্রণ করে আনে বিদ্যালয় | বিদ্যালয় একেবারে পরিকল্পিত ও সংগঠিত রূপে বিভিন্ন শ্রেণিতে বিভিন্ন বিষয়ের শেখা-শেখানোর প্রক্রিয়াই স্থানীয় সমাজ-গোষ্ঠীর বিদ্যা ও দক্ষতাকে সমন্বিত করে; বিশেষ প্রয়োগযোগ্য দক্ষতা অর্জনের উদ্দেশ্যে শিক্ষার্থীর জন্য-শিক্ষা পারিপার্শ্বিক রূপে সমাজ/গ্রামকে ব্যবহার করে |

| কেন্দ্রগত মানদণ্ড | বিবরণী (Descriptor) | | |
|---|---|---|---|
| | স্তর ১ | স্তর ২ | স্তর ৩ |
| সমাজ-গোষ্ঠীর সশক্তীকরণ | SDP -র বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সম্পদ SMC দ্বারা চিহ্নিত হয় এবং তা আহরণের জন্যে সম্ভাব্য উৎসও চিহ্নিত করে তারা | বিদ্যালয়ের ব্যয় নির্বাহ এবং তার উৎকর্ষ সাধনের জন্য সম্পদ সংগ্রহ করে SMC, বিদ্যালয় এবং সমাজ-গোষ্ঠী যুগ্মভাবে বিদ্যালয়ে এবং সমাজে অনুষ্ঠানাদির আয়োজন করে | সম্পদ সংগ্রহের জন্যে বিদ্যালয় এবং সমাজ অন্যান্য উৎস (যেমন বেসরকারী সংস্থা, কর্পোরেট সংস্থা, প্রাক্তনী) -র কাছে যায়; বিদ্যালয় স্বচ্ছতা অভিযান, স্বাক্ষরতা কর্মসূচি, সামাজিক এবং লিঙ্গভিত্তিক বৈষম্য দূরীকরণে সজাগতা সৃষ্টিমূলক কর্মসূচি রূপায়ণের মাধ্যমে সমাজ - গোষ্ঠীকে লাভবান করে; বিদ্যালয়ে সমাজ-গোষ্ঠীর ইতিবাচক কাজগুলি ভাগ করে করার জন্যে অনলাইন মঞ্চ সৃষ্টিতে উদ্যোগ গ্রহণ করে |

## বিদ্যালয়ের উৎকর্ষসাধন

# প্রমাণের উৎস
# Sources of Evidence

<table>
<tr>
<td>প্রাসংগিক প্রমাণ (নীতিনিয়ম/ নির্দেশাবলী / পঞ্জিপুস্তিকা/ সরকারীভাবে জারী করা আদেশ</td>
<td>
➢ সর্বশিক্ষা অভিযান রূপায়ণের রূপরেখা -পঞ্চম অধ্যায় (পৃঃ ৮৩-৯১), নবম অধ্যায় (পৃঃ ১৩৭-১৩৯)<br>
(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/SSA-Frame-work.pdf)<br>
➢ রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা পরিকল্পনা রূপায়ণের রূপরেখা অধ্যায়-২ (পৃঃ ৭), অধ্যায় ৪ (পৃঃ ৬৫, পৃঃ ৭৯), অধ্যায়-৬ (পৃঃ ৪৩-৪৫), এবং অধ্যায় ৭ (পৃঃ ৫৩-৫৭)<br>
(http://mhrd.gov.in/sites/upload_files/mhrd/files/upload_document/Framework_Final_RMSA_3.pdf)<br>
➢ রাষ্ট্রীয় পাঠ্যক্রমের রূপরেখা -২০০৫ ঃ অধ্যায়-২ (পৃঃ ৩০-৩৪), অধ্যায় ৪ (পৃঃ ৮৮-৮৯)<br>
(NCF-2005: http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf)<br>
➢ শিক্ষার অধিকার আইন ঃ অধ্যায়- ৩ (ধারা-১০র পৃঃ ৫), অধ্যায়-৪ (ধারা- ২১, ২২র পৃঃ ৯৭) এবং অধ্যায় -৭ (ধারা-৩৫, ৩৮র পৃঃ ১০-১১)<br>
(http://ssa.nic.in/rte-docs/free%20and%20compulsory.pdf)
</td>
</tr>
<tr>
<td>বিদ্যালয়ে উপলব্ধ সমর্থনযোগ্য প্রমাণ</td>
<td>
➢ নিম্নোক্ত বিষয়সমূহের তথ্যসম্বলিত বিদ্যালয় পরিচালনা সমিতি/বিদ্যালয় উন্নয়ন পরিচালনা সমিতির পঞ্জিপুস্তিকা<br>
● সদস্যদের তালিকা সহ SMC/SDMC গঠন<br>
● বৈঠকে গৃহীত প্রস্তাব এবং বৈঠকে উত্থাপিত আলোচ্য তালিকা<br>
● সদস্যদের উপস্থিতি<br>
● বিগত বৈঠকে গৃহীত প্রস্তাব অনুসারে কাজ করা এবং কৃতকর্মের পর্যালোচনা<br>
● বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন সম্পর্কে আলাপ আলোচনা<br>
● পরিকল্পনার রূপায়ণ, তদারকীকরণ এবং বিদ্যালয় মূল্যায়ন কার্যে SMC/SDMC-র সদস্যদের অংশ গ্রহণ<br>
➢ SMC/SDMC সদস্যদের সঙ্গে যোগাযোগের মাধ্যম অর্থাৎ- প্রাগ-বিজ্ঞপ্তি<br>
➢ সমাজ-গোষ্ঠীর অংশ গ্রহণ সূচক শেখা-শেখানোর পরিকল্পনা<br>
➢ বিদ্যালয়ে প্রয়োজনীয় সুযোগ সুবিধা, যেমন খেলার মাঠ সমতল করা, চারিসীমার দেওয়াল দেওয়া, পানীয় জল, আইসিটি-র সুবিধা, গ্রন্থাগার, বিদ্যালয়ের উদ্যান ইত্যাদির উৎকর্ষ সাধনে সামাজিক গোষ্ঠীর সমর্থন করা<br>
➢ শিক্ষকের অবকাশ যাপন কালে কোনো এক নির্দিষ্ট সময়ে গ্রামের বয়োজ্যেষ্ঠদের দ্বারা কথিত স্থানীয় ইতিহাস, কৃষিকর্ম, শিল্প কলা, সঙ্গীত, লোকগীতি, স্থানীয় শিল্প, সামাজিক গোষ্ঠীর গল্প কাহিনীর আদান প্রদান<br>
➢ শিক্ষনীয় সম্পদ হিসেবে সামাজিক অনুষ্ঠানের মর্যাদাপ্রাপ্ত স্থান যেমন গ্রাম পঞ্চায়েত, ডাকঘর এবং কৃষিক্ষেত্রে আয়োজিত ভ্রমণ; উল্লেখযোগ্য ব্যক্তিত্বের সঙ্গে সাক্ষাৎ
</td>
</tr>
</table>

| এমন সব প্রমাণ বিদ্যালয়কে সৃষ্টি করতে হবে | বিদ্যালয় নিম্নলিখিত উপায় / কৌশল ব্যবহার করে প্রমাণ সৃষ্টি করতে পারে -<br>➤ শৈক্ষিক বর্ষের শুরুতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির উপর কৃত শিক্ষার্থীর সমীক্ষা<br>➤ বিদ্যালয় এবং সামাজিক গোষ্ঠী অংশ গ্রহণ করেছে এমন কার্যসূচি<br>➤ সামাজিক গোষ্ঠী থেকে প্রাপ্ত এবং অন্তর্ভুক্তীকৃত পরামর্শসমূহ<br>➤ পঞ্চায়েত কার্যালয়, সামাজিক গোষ্ঠী থেকে প্রাপ্ত দান/অবদান হিসেবে লাভ করা সাহায্য |
|---|---|

## উত্তরণমূলক উদ্ভাবনীসমূহ
## Innovation (s)

## প্রত্যুত্তরের ছাঁচ
## (Response Matrix)

### সমাজের ফলপ্রসূ অংশগ্রহণ

| কেন্দ্রগত মান | স্তর-১ | স্তর-২ | স্তর-৩ |
|---|---|---|---|
| SMC/SDMC-র গঠন এবং পরিচালনা | | | |
| বিদ্যালয়ের উৎকর্ষ সাধনে ভূমিকা | | | |
| বিদ্যালয় - সামাজিক-গোষ্ঠীর যোগসূত্র | | | |
| শিক্ষণ সম্পদ হিসেবে সামাজিক গোষ্ঠী | | | |
| সামাজিক গোষ্ঠীকে ক্ষমতায়ন | | | |

## উৎকর্ষসাধনের পরিকল্পনা

| কেন্দ্রগত মানদণ্ড | স্তর | উৎকর্ষসাধনের ক্ষেত্র | প্রাধান্যভিত্তিক উৎকর্ষসাধনের ক্ষেত্র | | | প্রস্তাবিত কর্ম প্রণালী | সময়রেখা উপযুক্ত বর্ষে (✓) চিহ্ন দিন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নিঃ | মঃ | উঃ | | ব-১ | ব-২ | ব-৩ |
| SMC/SDMC - র গঠন এবং ব্যবস্থাপনা | | | | | | | | | |
| বিদ্যালয়ের উৎকর্ষ সাধনে ভূমিকা | | | | | | | | | |
| বিদ্যালয়-সামাজিক গোষ্ঠীর যোগসূত্র | | | | | | | | | |
| শিক্ষণীয় সম্পদ হিসেবে সামাজিক গোষ্ঠী | | | | | | | | | |
| সামাজিক গোষ্ঠীর ক্ষমতায়ন | | | | | | | | | |

নিঃ - নিম্ন, মঃ - মধ্য, উঃ- উচ্চ    র-১, = বছর-১ ব-২ = বছর-২, ব-৩ = বছর-৩

টীকা

শালা সিদ্ধি

উৎকর্ষ সাধনের জন্য মূল্যায়ন

# বিদ্যালয়ের মান
# এবং মূল্যায়নের রূপরেখা

বিদ্যালয়ের মান এবং মূল্যায়ন গোষ্ঠী
রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়
নয়াদিল্লী

অনুবাদ ঃ

রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম
কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়
National University of Educational Planning and Administration (NUEPA)
(Declared by the Government of India under Section 3 of the UGC Act, 1956)

© NUEPA 2015

প্রকাশ ঃ নভেম্বর, ২০১৫
পুনঃ প্রকাশ ঃ মার্চ, ২০১৬ (২.৫ টি)

বাংলা অনুবাদ
রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম

প্রকাশ ঃ অক্টোবর, ২০১৬

# ভূমিকা

**বিদ্যালয়ের মান এবং মূল্যায়নের রূপরেখা** (SSEF) নামক এই পুস্তিকাটি একটি অনুবাদ। মূল পুস্তিকাটি ইংরেজিতে প্রণীত। প্রণয়নকারী রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয় (NUEPA)-এর **বিদ্যালয়-মান এবং মূল্যায়ন গোষ্ঠী**। বিদ্যালয়ের মান এবং মূল্যায়নের প্রক্রিয়াকে বাস্তবায়িত করার উদ্দেশ্যে একটি রাষ্ট্রীয় কার্যসূচি গৃহীত হয়। এই দুরূহ কাজটির রূপদানে জাতীয় স্তরে নানা মঞ্চ ও প্রতিষ্ঠানসহ বিভিন্ন জনের সামগ্রিক প্রচেষ্টার যৌথ অনুশীলন ঘটেছে। অনুষ্ঠিত হয়েছে বহুমাত্রিক আলাপ-আলোচনা ও মত বিনিময়। এর ফলে সমগ্র ব্যাপারটাতে এক গতিশীল মাত্রা এসেছে। এককথায় এই সমগ্র কার্যসূচিটি যথার্থ অর্থে একটা ব্যাপক সহযোগিতামূলক প্রচেষ্টার ফল হিসেবে পরিণতি লাভ করেছে।

'উৎকর্ষ সাধনের জন্য বিদ্যালয় মূল্যায়ন' শীর্ষক কার্যসূচিটি যেমন নানা ব্যক্তির কাছ থেকে, তেমনি নানা স্তরে এবং নানা দিক থেকেও সহযোগিতা লাভ করতে সক্ষম হয়েছে। এই সহযোগিতার বিচিত্র উৎসগুলি হল— রাষ্ট্রীয় কারিগরি গোষ্ঠী (NTG)-এর সদস্যবৃন্দ, বিভিন্ন দক্ষ ব্যক্তি, জেলা/খণ্ড পর্যায়ের অধিকারীবৃন্দ, বিদ্যালয় প্রধান এবং শিক্ষকবৃন্দ, শিক্ষক গোষ্ঠী, বে-সরকারী সংস্থার প্রতিনিধিবৃন্দ। সেই সঙ্গে রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয় (NUEPA) এবং রাষ্ট্রীয় শৈক্ষিক অনুসন্ধান এবং প্রশিক্ষণ পরিষদ (NCERT)। এদের সর্বাঙ্গীন সহযোগিতা রয়েছে **বিদ্যালয়ের মান এবং মূল্যায়নের রূপরেখা** (SSEF)র প্রস্তুতিতে।

দেশের প্রত্যেক শিশুর গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং বিদ্যালয়ের সামগ্রিক বিকাশ নিয়ে চিন্তা-ভাবনার ক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ বিষয় সামনে উঠে আসে। এক একটা শর্ত পর্বতপ্রমাণ প্রত্যাহ্বানের মতো মাথা তুলে দাঁড়ায়। তেমনি একটি শর্ত হল গুণগত শিক্ষার জন্য বিদ্যালয় উৎকর্ষ সাধনের পরিকল্পনা। দেশজুড়ে কিভাবে তা সম্ভব? এ সব বিষয়ে পরিকল্পনা করতে হলে চাই জীবনব্যাপী সাধনা ও অভিজ্ঞতা। বিদ্যালয়ের মান এবং মূল্যায়নকে প্রাথমিক শর্ত হিসেবে রাষ্ট্রীয় স্তরে স্বীকৃতি প্রদানের জন্য ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রালয় এগিয়ে এসেছেন। সেই সঙ্গে এগিয়ে এসেছেন রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আর. গোবিন্দ্ মহাশয়। তাঁর কাছে আমরা বিশেষভাবে কৃতজ্ঞ। কারণ তাঁর মূল্যবান পরামর্শ এবং নিরবচ্ছিন্ন সাহায্য ছাড়া এই প্রয়াস বাস্তবায়িত করা সম্ভব হত না।

বিদ্যালয়ের মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে সর্বস্তরীয় বিকাশ এবং উন্নয়নের পথ প্রশস্ত হবে। অধ্যাপক আর গোবিন্দ্ মহাশয় দৃঢ়ভাবে এই বিশ্বাস পোষণ করেন। সেই মতামতের উপর ভিত্তি করেই রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়ে **বিদ্যালয়-মান এবং মূল্যায়ন গোষ্ঠী** গঠন করা হয়েছে। এই গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় কার্যসূচিটি রূপায়ণের প্রতিটি স্তরে সহায়-সহযোগিতা এবং নেতৃত্ব প্রদানের এক বিরল নিদর্শন তিনি তুলে ধরেছেন। এটাই হল এই *'School Standards and Evaluation Framework'* পুস্তিকা প্রণয়নের পটভূমি। সে-জন্য তাঁর কাছে সমগ্র দেশ তথা ভাবী ভারতবাসী ঋণী হয়ে থাকবে।

সমগ্র দেশজুড়ে প্রাদেশিক স্তরেও এই বইটির অনুবাদ এক মহাজাতীয় প্রয়োজন সাধন করবে। পাঠশালায় আনবে সিদ্ধি। তাই এর নাম **'শালা সিদ্ধি'**। বইটি বাংলায় অনুবাদের দায়িত্ব গ্রহণ করেছে রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, (SCERT) অসম। এই অনুবাদ কার্যের বিচিত্র স্তরগুলিকে সুবিন্যস্ত এবং সংহত করতে হয়েছে অতি অল্প সময়ের মধ্যে। এসসিইআরটি, অসম বইটির যথাযথ অনুবাদ করতে যথাসাধ্য চেষ্টা করেছে। এই অনুবাদের আর্থিক দায়িত্ব বহন করেছে সর্বশিক্ষা অভিযান মিশন, (SSA) অসম। মিশন সঞ্চালক মহাশয়ার প্রতি আমাদের কৃতজ্ঞতা রইল।

অসমের বিভিন্ন জেলা শিক্ষা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান, রাজ্যিক শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, সর্বশিক্ষা অভিযান মিশনের বিভিন্ন অধিকারিক তথা রাজ্য পর্যায়ের বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে অনুষ্ঠিত কর্মশালার মাধ্যমে অতি কম সময়ের মধ্যে এই পুস্তিকাটি বাংলা ভাষায় অনুবাদ করা হয়। পুস্তিকাটির সম্পাদনা ও পুনরীক্ষণের দায়িত্ব গ্রহণ করে বর্ষীয়ান কৃতী শিক্ষক শ্রীজহরলাল সাহা মহাশয় এটিকে একটি সুন্দর সুসংবদ্ধ রূপ প্রদান করেন। এই কর্মরাজির সঙ্গে জড়িত সংশ্লিষ্ট সকলকে আমরা ধন্যবাদ জ্ঞাপন করছি। সঙ্কীর্ণ সময়। সেই সীমাবদ্ধতার চোরাপথে বহুমাত্রিক স্খলনের অনুপ্রবেশ ঘটেছে। এই বিবেচনায় গুণীজনের ক্ষমার প্রত্যাশী আমরা। অসমের প্রতিটি বিদ্যালয়ের উত্তরণের ক্ষেত্রে এই পুস্তিকাটি পথ নির্দেশক হিসেবে বিবেচিত হবে এটাই আমাদের আশা।

**শ্রীমতী শেৱালি দেবী শর্মা, এ সি এস**
সঞ্চালক
রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, অসম
কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯





*বাংলা বর্ণমালায় অসমীয়া 'wa'-র ব্যবহার না-থাকায় 'শেৱালি' বানানটাতে অসমীয়া 'ৱ' (অন্তস্থ 'ব') ব্যবহার করা হয়েছে।*

## প্ৰস্তুতকৰ্তা

**বিদ্যালয়ের মান এবং মূল্যায়ন বিষয়ক গোষ্ঠী**
**রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়**
**নয়া দিল্লী**

প্রফেসর প্রণতি পাণ্ডা, প্রফেসর এবং প্রধান (ইউ এস এস ই)
ড° সঞ্জীব কুমার ঝা
শ্রীমতী অনু দাবাস্
শ্রীবিশ্ববাসু শ্বোয়েন
শ্রীরূপেন্দ্র প্রামার
শ্রীমতী বিধি গৌড়

## বিশেষজ্ঞ ঃ

রাষ্ট্রীয় কারিগরি দলের সদস্যবৃন্দ
রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ
ৰাষ্ট্রীয় শৈক্ষিক অনুসন্ধান এবং প্রশিক্ষণ পরিষদের শিক্ষকবৃন্দ
এস সি ই আর টি, এস আই ই, সিমেট এবং ডায়েট-এর আধিকারিকবৃন্দ, ডি ই ও, বি ই ও, বিদ্যালয় প্রধান এবং শিক্ষকবৃন্দ
প্রত্যেক রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলসমূহ
বেসরকারী সংস্থাসমূহ
শিক্ষক গোষ্ঠী

## বাংলা অনুবাদ

শ্রীজহরলাল সাহা, অবসরপ্রাপ্ত শিক্ষক, কাহিলিপাড়া উচ্চ বিদ্যালয়
শ্রীবনানি দেব পাল, জ্যেষ্ঠ প্রবক্তা, ডায়েট, কামরূপ
শ্রীমধুমিতা শর্মা, প্রবক্তা, ডায়েট, কামরূপ
শ্রীঅঞ্জনা দাস দত্ত, সহকারী শিক্ষয়িত্রী, বেঙ্গলি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, পল্টনবাজার
শ্রীঅভীক মণ্ডল, অনুবাদক, সর্বশিক্ষা অভিযান মিশন, অসম, কাহিলিপাড়া

## সমন্বয়ক ঃ

শ্রীমতী গীতা দত্ত বরঠাকুর, প্রবক্তা, রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, কাহিলিপাড়া, অসম

## মুখ্য সমন্বয়ক ঃ

**ড° নির্মালি হাজরিকা**, উপ-সঞ্চালক, রাজ্যিক শিক্ষা-গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, কাহিলিপাড়া, অসম
পুনরীক্ষক ঃ শ্রীজহরলাল সাহা, অবসরপ্রাপ্ত শিক্ষক, কাহিলিপাড়া উচ্চ বিদ্যালয়

ডিটিপি ঃ শ্রীউৎসব তালুকদার

# সূচীপত্র


১.০ **বিদ্যালয়ের মান ও মূল্যায়ন বিষয়ক জাতীয় কর্মসূচি** (National Programme on School Standards and Evaluation (NPSSE) ১

১.১ NPSSE-র মুখ্য উদ্দেশ্যসমূহ ২

১.২ ধারণাত্মক এবং চালনাত্মক পরিকল্পনা ঃ NPSSE ৩

২.০ **বিদ্যালয়ের মান ও মূল্যায়নের রূপরেখা** (School Standards and Evaluation Framework) ৫

২.১ SSEF এর গঠন ৫

২.২ মুখ্য ক্ষেত্র এবং কেন্দ্রগত মান ৬

২.৩ বিদ্যালয়ের মূল্যায়ন এবং উৎকর্ষ সাধনের প্রক্রিয়া ৭

৩.০ **প্রতিটি মুখ্য ক্ষেত্রের গঠন** (Structure of Each Key Domain) ৮-১১

৪.০ **বিদ্যালয় মূল্যায়নের পদক্ষেপ** (Approach to School Evaluation) ১২

৪.১ বিদ্যালয় মূল্যায়নের নির্দেশনাবলী ১২

৫.০ **বিদ্যালয় মূল্যায়নের তথ্য ফলক** (School Evaluation dashboard) ১৩

৬.০ **রাজ্যভিত্তিক বৈশেষিকতা, অভিযোজন, প্রাসঙ্গিকীকরণ এবং অবস্থান্তরণ** (State Specificity, Adaptation, Contextualization and Translation) ১৪

৭.০ **বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার** (Web Portal) ১৪

৮.০ **মুখ্য ক্ষেত্র এবং কেন্দ্রগত মান**

**মুখ্য ক্ষেত্র - ১**

বিদ্যালয় সম্পদের সবলীকরণ ঃ উপলব্ধতা, যথেষ্টতা এবং ব্যবহারযোগ্যতা ১৫

**মুখ্য ক্ষেত্র - ২**

শেখা-শেখানো এবং পরিমাপন ৩৫

**মুখ্য ক্ষেত্র - ৩**

শিক্ষার্থীর অগ্রগতি, অধিগমন এবং উন্নতি ৪৯

**মুখ্য ক্ষেত্র - ৪**

শিক্ষকের কৃতি ও পেশাদারী বিকাশের ব্যবস্থাপনা ৬১

**মুখ্য ক্ষেত্র - ৫**

বিদ্যালয় নেতৃত্ব ও পরিচালনা ৭৫

**মুখ্য ক্ষেত্র - ৬**

অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা ৮৯

**মুখ্য ক্ষেত্র - ৭**

সমাজের ফলপ্রসূ অংশগ্রহণ ১০৩

# National Programme on School Standards and Evaluation (NPSSE)

# বিদ্যালয়ের মান ও মূল্যায়ন বিষয়ক জাতীয় কর্মসূচি

*“বিদ্যালয় পর্যায়ে শিক্ষার মানগত উৎকর্ষ সাধনের প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে আমরা সুপারিশ করছি যে, বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের জন্য এক দেশব্যাপী কর্মসূচি প্রস্তুত করতে হবে যাতে প্রত্যেক বিদ্যালয়ে এমন পরিস্থিতির সৃষ্টি হবে যে, বিদ্যালয়ের যোগ্যতা অনুযায়ী উৎকৃষ্টতম ফলাফল অর্জনের নিরবচ্ছিন্ন প্রচেষ্টা বজায় রাখা সম্ভব হবে।’*

*শিক্ষা আয়োগ, ১৯৬৪-৬৬*

## লক্ষ্য নির্দেশ (Vision)

**“বিদ্যালয়ের মান ও মূল্যায়ন বিষয়ক জাতীয় কর্মসূচি এমন একটি ইতিবাচক পদক্ষেপ রূপে কল্পিত হয়েছে যাতে প্রতিটি বিদ্যালয়কে স্বকীয় উন্নয়নে অনবরতভাবে নিয়োজিত করে রাখা যায়।”**

প্রত্যেকটি শিশুকে গুণগত শিক্ষা প্রদান করতে হবে। এই উদ্দেশ্যটি যথাযথরূপে বাস্তবায়িত করতে উপযুক্ত বিদ্যালয়ের প্রয়োজন। আবার বিদ্যালয়গুলির উৎকর্ষ সাধনও প্রয়োজন। ভারতীয় শিক্ষা ব্যবস্থায় এই প্রয়োজনগুলি উত্তরোত্তর অধিকতরভাবে অনুভূত হচ্ছে। বিদ্যায়তনিক শিক্ষার ক্ষেত্রে একটা গুণগত সূচনার জন্য যেমন বিদ্যালয়ের ওপর তেমনি এর প্রদর্শিত ফলাফল এবং উৎকর্ষ সাধনের ওপর আলোকপাত করা প্রয়োজন ।

তাই বিদ্যালয়ের উন্নয়ন প্রক্রিয়ার কেন্দ্রবিন্দু হিসেবে একটি ব্যাপক এবং সর্বাঙ্গীন বিদ্যালয় মূল্যায়ন ব্যবস্থাপনার বিকাশ সাধনের উপর যথেষ্ট গুরুত্ব দিতে হবে। ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রালয়ের পৃষ্ঠপোষকতায় পরিচালিত রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়, বিদ্যালয়ের মান এবং মূল্যায়ন সংক্রান্ত জাতীয় কর্মসূচির নেতৃত্ব দিচ্ছে।

NPSSE হল এমন এক প্রচেষ্টা যা প্রত্যেকটি বিদ্যালয়কে এক একটি প্রতিষ্ঠান হিসেবে মূল্যায়নের বিষয়রূপে গ্রহণ করে এবং প্রত্যেক বিদ্যালয়ে দায়বদ্ধতার সঙ্গে নিজস্ব অগ্রগতি/সাধন সংস্কারের জন্মদান করে। NPSSE ‘বিদ্যালয় মূল্যায়ন’কে উপায় আর ‘বিদ্যালয়ের উৎকর্ষ সাধন’কে লক্ষ্য হিসেবে দেখে।

কর্মসূচিটির উদ্দেশ্য দেশের সব বিদ্যালয়ে পৌঁছনো। বিদ্যালয় মূল্যায়নের দীর্ঘস্থায়ী প্রাতিষ্ঠানিক ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমেই এটা সম্ভব। সুতরাং বিদ্যালয় মূল্যায়নের ‘কী’, ‘কেন’ এবং ‘কীভাবে’ - এই প্রত্যেকটি ধাপের সঙ্গে যুক্ত সকলকে নিয়ে এই কার্যসূচি একটি পারস্পরিক বোঝা-পড়ার বিকাশ সাধন করতে চায় ।

বর্তমান বিদ্যালয় মূল্যায়নের ক্ষমতা NPSSE গড়ে তুলতে সক্ষম হয়েছে। যেমন গুজরাটের "গুণোৎসব", উড়িষ্যার "সমীক্ষা"। কর্ণাটকের School Quality Assessment and Accreditation- প্রবর্তিত মূল্যায়ন পরিকাঠোমোও এর অন্যতম উদাহরণ। বিদ্যালয় মূল্যায়নের প্রক্রিয়া সংক্রান্ত আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ের প্রমাণ ভিত্তিক গবেষণাতেও এর মূল নিহিত রয়েছে।

## NPSSE-র পরিচালন নীতিসমূহ

- সাংবিধানিক মূল্যবোধ রাষ্ট্রীয় শিক্ষানীতি, পাঠ্যক্রমের রূপরেখা, মাশুলবিহীন এবং বাধ্যতামূলক শিশুশিক্ষার অধিকার আইন ২০০৯ এবং SSA, RMSA-র মতো জাতীয় প্রকল্পের উপর প্রতিষ্ঠিত।
- শিক্ষার্থীদেরকে কেন্দ্রবিন্দুতে রেখে বিদ্যালয়কে মূল্যায়নের একক হিসেবে লক্ষ্যভূত করা।
- বিদ্যালয় মূল্যায়নের অবিরত প্রক্রিয়ায় আলোকপাত সন্নিবদ্ধ করা যাতে বিদ্যালয়ের উৎকর্ষ সাধন ক্রমবর্ধমান গতিতে অব্যাহত থাকে।
- বিভিন্ন পর্যায়ে শিক্ষাকর্মে সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টা হিসেবে বিদ্যালয়ের মূল্যায়ন প্রক্রিয়ার প্রতি লক্ষ্য রাখা।
- প্রত্যেকটা বিদ্যালয়কে এমনভাবে সবল করে তোলা যাতে বিদ্যালয়টি তার নিজস্ব প্রদর্শিত ফলাফল সম্পর্কে ওয়াকিবহাল হতে পারে এবং তার দ্বারা স্বকীয় উৎকর্ষ সাধনের এক অবিরত যাত্রায় সামিল হতে পারে।

### ১. ১ NPSSE -র মূখ্য উদ্দেশ্য সমূহ ঃ

- ভারতীয় বিদ্যালয়সমূহের বৈচিত্র্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ এবং কৌশলগতভাবে সমর্থ ধারণার রূপরেখা পদ্ধতি, সাধনোপকরণ এবং বিদ্যালয়ের মূল্যায়ন প্রক্রিয়ার উদ্ভাবন।
- রাজ্যসমূহে বিদ্যালয় মূল্যায়নের রূপরেখা প্রণয়ন তথা প্রয়োগের প্রাসঙ্গিকীকরণ এবং অভিযোজনের উদ্দেশ্যে একটি প্রাতিষ্ঠানিক কৌশল সৃষ্টি ও যুক্তিবুদ্ধিসম্পন্ন মানব সম্পদের উৎকর্ষ সাধন।
- বিদ্যালয়গুলির এবং একই সঙ্গে প্রক্রিয়াভিত্তিক যথাস্তরীয় কর্মীবৃন্দের সামর্থ্যবৃদ্ধি করা। এতে বিদ্যালয় মূল্যায়নের প্রক্রিয়ার প্রাতিষ্ঠানিকীকরণ সম্ভব হবে এবং বিদ্যালয়ের উৎকর্ষ সাধন প্রক্রিয়া অবিরত এবং দীর্ঘস্থায়ীভাবে বহনক্ষম হয়।
- বিদ্যালয়ের যথা প্রয়োজনে প্রতিক্রিয়া প্রকাশের জন্যে সমূহ ব্যবস্থাটাকে সমৃদ্ধ করে তোলা, ব্যবস্থাপনার বিভিন্ন স্তরে বিদ্যালয়ের মূল্যায়ন প্রতিবেদনের বিশ্লেষণ করা এবং নীতিসম্মতভাবে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের সূচনা করা।

## ‘উপায় হল বিদ্যালয় মূল্যায়ন, লক্ষ্য হল বিদ্যালয়ের উৎকর্ষ সাধন’

- নিজ নিজ ক্ষেত্র, পরিসর পারিপার্শ্বিকতা এবং সম্পদের বিচারে প্রত্যেকটি বিদ্যালয় একমেবা দ্বিতীয়ম।
- জাতীয় দৃষ্টিভঙ্গিকে যথার্থভাবে রূপায়িত করতে প্রতিটি বিদ্যালয় দায়বদ্ধ।
- বিদ্যালয়-মূল্যায়ন হচ্ছে একটি নির্দিষ্ট বিদ্যালয়ের মূল্যায়ন - সামগ্রিক ও অবিরতভাবে বিদ্যালয়টির প্রদর্শিত ফলাফল।
- প্রতিটি বিদ্যালয় তার নিজস্ব সামর্থ এবং তাৎক্ষণিক উৎকর্ষ সাধনের প্রয়োজনীয়তা পুংখানুপুংখ বিশ্লেষণের মাধ্যমে সনাক্ত করবে।
- পেশাদারি বিচার এবং মতামত গ্রহণের উদ্দেশ্যেই বিদ্যালয় মূল্যায়ন প্রক্রিয়া সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সহযোগিতার পরিবেশ গড়ে তোলে।
- বিদ্যালয় মূল্যায়ন প্রক্রিয়া অভিজ্ঞতার সম্মিলিত আদান-প্রদান এবং এ সম্পর্কে ভাবনা-চিন্তার মাধ্যমে শিক্ষক এবং শেখা-শেখানোর প্রক্রিয়াকে সমৃদ্ধ করে।
- অন্তর্নিহিত পুনরীক্ষণ প্রণালীর মাধ্যমে বিদ্যালয়-মূল্যায়ন প্রক্রিয়া উৎকৃষ্টতর পরিকল্পনা ও তার উপযুক্ত বাস্তবায়নের নিশ্চিত করে।
- বিদ্যালয় মূল্যায়ন প্রক্রিয়া সামগ্রিকভাবে বিদ্যালয়কে পরিবর্তন উদযাপনে শক্তিশালী করে। আর দীর্ঘস্থায়ী রূপান্তরের কারক হতে উৎসাহিত করে।

## ১.২ ধারণাত্মক এবং চালনাত্মক পরিকল্পনা ঃ NPSSE

NPSSE-র লক্ষ্যগুলিকে প্রকৃতার্থে বাস্তবায়নের উদ্দেশ্যে কর্মসূচির মূল কার্যকরী দিকগুলোকে দেখা দিক-গুলি হল - উপাদানসমূহের বিকাশ সাধন, মানব সম্পদকে অধিক সামর্থবান করে তোলা, প্রাতিষ্ঠানিক কর্মপন্থা এবং কর্মসূচিটির প্রয়োগের জন্য গবেষণাভিত্তিক সহায়তা প্রদান।

উপযুক্ত পরামর্শ এবং সাহায্য প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন অনুষ্ঠানের সদস্যদের নিয়ে একটি রাষ্ট্রীয় পর্যায়ের প্রযুক্তিকুশল দল (NTG) গঠন করা হয়েছে। NPSSE কর্মসূচির অংশ হিসেবে রাজ্যগুলিকে এই কর্মসূচির সঙ্গে জড়িতকরণের উদ্দেশ্যে এবং কর্মসূচিটিকে রাজ্য পর্যায়ে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য রাজ্য স্তরে প্রযুক্তিকুশল দল (STG) গঠন করা হয়েছে।




*NPSSE-এর জন্য ধারণাত্মক ও প্রয়োগ পরিকল্পনা*

## ২.০ বিদ্যালয়ের মান এবং মূল্যায়নের রূপরেখা (SSEF)

বিদ্যালয়ের মান ও মূল্যায়নের রূপরেখাটি বিদ্যালয়ের মূল্যায়নের সামগ্রিক উপায় হিসেবে গঠন করা হয়েছে। এটি বিদ্যালয়কে তার প্রদর্শনের তাৎপর্যপূর্ণ ক্ষেত্রগুলি এক নির্দিষ্ট এবং পরিকল্পিত পদ্ধতিতে মূল্যায়ন করতে সাহায্য করে।

SSEF এমন একটি উপায়ে গঠিত হয়েছে, যেখানে পারস্পরিক অংশগ্রহণের মাধ্যমে জেলাস্তরের কর্মীবৃন্দ, জেলা ও খণ্ড পর্যায়ের শিক্ষা আধিকারিক, প্রশিক্ষক, বিদ্যালয় সমূহের প্রধান, শিক্ষক সংস্থা, শিক্ষকরা সকলেই জড়িত। ভারতীয় বিদ্যালয়গুলির উৎকর্ষ বৃদ্ধির জন্য মূল্যায়ন কীভাবে করা হবে। এই বিষয়টি SSEF কর্মসূচির সঙ্গে সংশ্লিষ্ট সকল ব্যক্তির পারস্পরিক বোঝাপড়ার উপর প্রতিষ্ঠিত।

### বিদ্যালয়ের মান এবং মূল্যায়ন রূপরেখার প্রধান বৈশিষ্ট্য ঃ-

- মুখ্য ক্ষেত্রগুলিকে গুরুত্বপূর্ণ প্রদর্শনের ক্ষেত্র হিসেবে এবং প্রত্যেকটি মুখ্য ক্ষেত্রের আওতায় থাকা মূল মানের প্রামাণিক সূত্রগুলিকেও সনাক্ত করে।
- স্বকীয় এবং বাহ্যিক উভয় প্রকার মূল্যায়নের ক্ষেত্রে এ হল একটি ব্যাপক মাধ্যম।
- বিচিত্র বিদ্যালয় সমূহের প্রয়োজন পূরণের উদ্দেশ্যে রাজ্য সমূহের দ্বারা প্রাসঙ্গিকতা বজায় রাখার জন্য এটি নমনীয় ও অভিযোজনযোগ্য।
- এটি বিদ্যালয় ও বাহ্যিক মূল্যায়নকারীদের পরিস্থিতি সাপেক্ষে স্পষ্ট, যুক্তিসঙ্গত এবং সহজে ব্যবহারযোগ্য ।
- এটি মূল্যায়ন প্রক্রিয়াকে স্পষ্ট এবং অবিচল রাখে।

### ২.১ SSEF এর গঠন

বিদ্যালয়সমূহের প্রদর্শিত ফলাফল মূল্যায়নের জন্য SSEF মূলত ৭ টি মুখ্য ক্ষেত্রে (Key Domain) -র উপর প্রতিষ্ঠিত ।এটা এর একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। প্রতিটি মুখ্য ক্ষেত্রের এক গুচ্ছ মূল মান আছে যেগুলি প্রত্যেকটি ক্ষেত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদানগুলিকে সমর্থন করে। প্রতিটি মুখ্য ক্ষেত্রের মূল্যায়ন বিষয় ক্রমানুসারে হয়। এই স্তরগুলি হল ভাবনা-চিন্তার বিষয় (Reflective Prompts), পরিঘটনার তথ্য (factual information), মূল মান (Core Standards), বর্ণনামূলক বিষয়ের সঙ্গে সমর্থিত নমুনা বা প্রমাণ। এটা ঐক্যবদ্ধভাবে বিদ্যালয়গুলিকে তাদের নিজস্ব প্রদর্শিত ফলাফলের স্তর অনুযায়ী পেশাগতভাবে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। প্রতিটি মুখ্য ক্ষেত্রের শেষে সিদ্ধান্ত নথিভুক্ত করার জন্য প্রত্যুত্তর দানের ছাঁচ (Response Matrix) রয়েছে। প্রতিটি বিদ্যালয়, বিদ্যালয় মূল্যায়নের তথ্যফলক (School Evaluation Dashboard)- এ একটা সার্বিক ও সংক্ষিপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে, এটাই বাঞ্ছনীয়।

## ২.২ মুখ্য ক্ষেত্র এবং মূল মান

| মুখ্য ক্ষেত্র | মূল মান |
|---|---|
| বিদ্যালয় সম্পদকে কার্যক্ষম করা ঃ উপলব্ধতা, যথেষ্টতা এবং ব্যবহারযোগ্যতা | ➢ বিদ্যালয় পরিসর<br>➢ সামগ্রীসহ খেলার মাঠ<br>➢ শ্রেণিকক্ষ এবং আনুষঙ্গিক কক্ষ<br>➢ বিদ্যুৎ এবং আনুষঙ্গিক উপকরণ<br>➢ পাঠাগার<br>➢ পরীক্ষাগার<br>➢ কম্পিউটার (যেখানে সুযোগ রয়েছে)<br>➢ র‍্যাম্প<br>➢ মধ্যাহ্ন ভোজন, রান্নাঘর এবং বাসনপত্র<br>➢ পানীয় জল<br>➢ হাত ধোয়ার সুযোগ সুবিধা<br>➢ শৌচাগার |
| শেখা-শেখানো এবং পরিমাপন বা পরিনির্ধারণ সম্পর্কিত বিচার | ➢ শিক্ষকদের শিক্ষার্থীকে জানা<br>➢ শিক্ষকদের বিষয় তথা শেখানোর কৌশল জ্ঞান<br>➢ শেখানোর পরিকল্পনা<br>➢ শেখার পরিবেশ গঠন<br>➢ শেখা ও শেখানোর প্রক্রিয়া<br>➢ শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা<br>➢ ছাত্র-ছাত্রীর বোধ সম্পর্কে বিচার<br>➢ শেখা ও শেখানোর সম্পদের সদ্ব্যবহার<br>➢ শিক্ষকদের নিজস্ব শেখা-শেখানোর প্রয়োগ পদ্ধতি সম্পর্কীয় চিন্তাভাবনা |
| ছাত্র-ছাত্রীদের অগ্রগতি, অধিগমন এবং বিকাশ | ➢ ছাত্র-ছাত্রীদের উপস্থিতি<br>➢ ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ এবং নিবিষ্টতা<br>➢ ছাত্র-ছাত্রীদের অগ্রগতি<br>➢ ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত ও সামাজিক বিকাশ<br>➢ ছাত্র-ছাত্রীদের সিদ্ধি বা সফলতা |
| শিক্ষকের পরিসঞ্চালন কৃতি এবং পেশাগত বিকাশ | ➢ নতুন শিক্ষকের প্রশিক্ষণ দান<br>➢ শিক্ষকদের উপস্থিতি<br>➢ দায়িত্ব প্রদান এবং কর্মের লক্ষ্য নির্ধারণ<br>➢ পাঠ্যক্রমিক চাহিদা পূরণে শিক্ষকের প্রস্তুতি<br>➢ শিক্ষকদের কর্মকৃতি বিষয়ক পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ<br>➢ শিক্ষকদের পেশাগত বিকাশ |
| বিদ্যালয়ের নেতৃত্ব এবং ব্যবস্থাপনা | ➢ পরিজ্ঞান সৃষ্টি এবং দিক্ নির্দেশনা<br>➢ পরিবর্তন এবং বিকাশে নেতৃত্বদান<br>➢ শেখা ও শেখানোতে নেতৃত্বদান<br>➢ বিদ্যালয় পরিচালনার নেতৃত্বদান |
| অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা | ➢ গ্রহীষ্ণু সংস্কৃতি<br>➢ বিশেষ প্রয়োজনসম্পন্ন শিশুদের অন্তর্ভুকি<br>➢ শারীরিক নিরাপত্তা<br>➢ মনোবিজ্ঞানগত নিরাপত্তা<br>➢ স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি |
| ফলপ্রসূ সামাজিক অংশগ্রহণ | ➢ বিদ্যালয় পরিচালনা সমিতি / বিদ্যালয় উন্নয়ন সমিতির গঠন এবং পরিচালনা<br>➢ বিদ্যালয়ের উৎকর্ষ সাধনে ভূমিকা<br>➢ বিদ্যালয় ও সমাজের পারস্পরিক সম্পর্ক<br>➢ শিক্ষার সম্পদের উৎসরূপে সমাজ<br>➢ সমাজের সবলীকরণ |

| মুখ্য ক্ষেত্র | মূল মান |
|---|---|
| বিদ্যালয় সম্পদকে কার্যক্ষম করা ঃ উপলব্ধতা, যথেষ্টতা এবং ব্যবহারযোগ্যতা | পরিকাঠামোর গুণগত মান, মানব সম্পদ এবং শেখা ও শেখানোর সম্পদ কী পরিমাণে উপলব্ধ? (দ্বাদশ মান) |
| শেখা-শেখানো এবং পরিমাপন | শেখা-শেখানো এবং বোধসম্পর্কিত বিচার কতটা কার্যকর? (নবম মান) |
| শিক্ষার্থীর অগ্রগতি, অধিগমন এবং উন্নতি | ছাত্র-ছাত্রীদের শৈক্ষিক অগ্রগতি, শৈক্ষিক ফলাফলের সিদ্ধি-সাফল্য এবং ব্যক্তিগত তথা সামাজিক বিকাশ কতদূর? (পঞ্চম মান) |
| শিক্ষকের কৃতি ও পেশাদারী বিকাশের ব্যবস্থাপনা | শিক্ষকদের কর্মকৃতি কিভাবে পরিসঞ্চালিত ও বিকশিত করা হয়? (ষষ্ঠ মান) |
| বিদ্যালয়ের নেতৃত্ব এবং পরিচালনা | বিদ্যালয়ের নেতৃত্ব এবং পরিচালন ব্যবস্থা কী রূপ? (চতুর্থ মান) |
| অন্তর্ভুক্তি, স্বাস্থ্য এবং নিরাপত্তা | বিদ্যালয়টি কতদূর অন্তর্ভুক্তিপরায়ণ এবং নিরাপদ? (পঞ্চম মান) |
| সমাজের ফলপ্রসূ অংশগ্রহণ | সামাজিক সম্পর্কটা বিদ্যালয়টির জন্য কতটা ফলপ্রসূ? (পঞ্চম মান) |

## ২.৩ বিদ্যালয়ের মূল্যায়ন এবং উৎকর্ষ সাধনের প্রক্রিয়া



## ৩.০ প্রতিটি মুখ্য ক্ষেত্রের গঠন (Stucture of Each Key Domain)

### অথ মুখ্য ক্ষেত্র বিষয়ক. (About the Key Domain)

প্রতিটি মুখ্য ক্ষেত্র শুরু করা হয় একটি সংক্ষিপ্ত ভূমিকা দিয়ে যা বিদ্যালয়ের নির্দিষ্ট প্রদর্শিত কর্মকৃতি বা ফলাফলের উপর গুরুত্বপূর্ণ আলোকপাত করে। এটি মুখ্য ক্ষেত্রগুলোর গুরুত্বও বর্ণনা করে।

প্রত্যেকটি মুখ্য ক্ষেত্র যথোচিত ভাবনার ক্রমানুসারে পরিনির্মিত হয়। সেগুলোতে থাকে চিন্তাভাবনা জাত বিবরণ, পরিঘটনার তথ্য, বিবরণসহ মূল মানদণ্ড আর সমর্থিত প্রমাণ বা নমুনা স্বকীয় ও বাহ্যিক উভয়বিধ মূল্যায়নের উদ্দেশ্যে নিরপেক্ষ মতামত দানের জন্য এসব প্রয়োজনীয়।

### ভাবনা-চিন্তার বিষয় (Reflective prompts)

এগুলো হল ভাবনা-চিন্তা প্রসূত প্রশ্নের সমাহার যা প্রতিটি ক্ষেত্রের মুখ্য বিষয়ের ভূমিকা তৈরী করে। প্রত্যেকটি মুখ্য ক্ষেত্রকে মূল্যায়ন করার জন্য এগুলো হল প্রশস্ত পরিধি ভিত্তিক প্রশ্নমালা যা বিদ্যালয়কে প্রত্যেক মুখ্য ক্ষেত্রের বিপরীতে নিজের মূল্যায়নের পূর্বে আলোচনা ও আত্মবিশ্লেষণে নিযুক্ত করে। এগুলো সমাধান পেক্ষারত যা বিদ্যালয়কে আরও উৎকৃষ্ট মানের মূল্যায়নের জন্য প্রস্তুত করে।

### পরিঘটনা নির্ভর তথ্য (Factual information)

এগুলো হচ্ছে প্রশ্ন বা তথ্যবিন্দু সমষ্টি, যা একটি বিশেষ মুখ্য ক্ষেত্রস্থিত বিদ্যালয়ের সার্বিক স্থিতিকরণ করে থাকে। এগুলো পরিসংখ্যান তথ্যরূপে বা ক্ষুদ্র প্রতিক্রিয়া রূপে থাকতে পারে। এভাবে সংগৃহীত কিছু কিছু তথ্য মূল মানে অন্যভাবে গৃহীত হতে পারে, সেই ক্ষেত্রে মূল্যায়নে কিছু অতিরিক্ত বিষয় সংযুক্ত করতে হবে। বিভিন্ন উৎস থেকে পূর্বেই আহরিত তথ্য বিদ্যালয় মূল্যায়নের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

পরবর্তী পর্যায়ে একটা বিশেষ মূল মানের নিরীখে যাচাই করার ক্ষেত্রে পরিঘটনার তথ্য একটি বিদ্যালয়কে অধিকতর সঠিক বিচারে উপনীত হতে সাহায্য করে। এটা এজন বাহ্যিক মূল্যায়নকারীকে বর্ণনা ছাড়াও পুরোধা রূপে একটি বিদ্যালয়ের মূল মানের উপর ভিত্তি করে বিদ্যালয়কে অধিকতর ভালভাবে বুঝতে সাহায্য করে।

### কেন্দ্রগত মান (core standards)

প্রত্যেকটি মুখ্য ক্ষেত্রের মূল মানগুলো একটি নির্দিষ্ট দ্বারোন্মোচক শিক্ষাঞ্চলে অতি গুরুত্বপূর্ণ মাত্রাগুলির প্রয়োজনীয় বস্তু যোগান দেয়। এগুলো অনুকরণযোগ্য গুণের মান তৈরীর দ্বারা পরিমিতিযোগ্য আকাঙ্খাসমূহের রূপদান করে। আর বিদ্যালয়ের মূল্যায়নের জন্য একটি সাধারণ ভিত্তির যোগান দেয়। এগুলো কৃতি বা অধিগমনের আকাঙ্খিত স্তরকে ক্রমবর্ধমান পদ্ধতিতে তিনটি স্তর অতিক্রম করে প্রতিষ্ঠা করে।

একটি নির্দিষ্ট দ্বারোন্মাচক শিক্ষাঞ্চলের সর্বাঙ্গীন উন্নতির জন্য বিদ্যালয়ের অত্যাবশ্যকীয় উপাদান গুলো নিজের পরিধিভুক্ত করে। মূল মানগুলো উন্নতি পথযাত্রী বিদ্যালয়ের উন্নতির দিশাও দর্শায়।

## কেন্দ্রগত মানের বিবরণ (Descriptors for core standards)

বিবরণগুলো হলো একটি পূর্ণ উক্তি, যা প্রত্যেকটি স্তরে একটা কেন্দ্রগত মানের পূর্ণতা- বিস্তারের সংজ্ঞাদান করে। নির্দিষ্ট স্তরে প্রত্যেকটি কেন্দ্রগত মানের পরিসর ব্যাখ্যা করে। বিবরণগুলি স্বভাবগতভাবে উপদেশ নয়। এটি কেন্দ্রগত মানের পূর্ণতাকে বিভিন্ন ভাবে স্বনিয়োজিত করে। তিনটি ক্রমর্ধোগামী স্তরব্যাপী বিবরণকে প্রণালীবদ্ধ ভাবে লেখা হয়। এটি একটি বিদ্যালয়কে নির্দিষ্ট স্তরে স্থাপন করতে সাহায্য করে এবং পরবর্তী স্তর বুঝতেও সাহায্য করে। বিবরণে ক্রমোর্ধ্বগতি প্রবণ বৈশিষ্ট্যের জন্য এটা আশা করা যায় যে একটি বিদ্যালয় নির্দিষ্ট স্তরে স্থাপিত হলে পূর্বাগত নিম্নতর স্তর গুলোর পূর্ণতার চাহিদাও পূরণ করে দেবে। উদাহরণ স্বরূপে একটি বিদ্যালয়ের নির্দিষ্ট মান যদি তৃতীয় স্তরের হয়, তবে আশা করা যায় যে এটা একই কেন্দ্রগত মানের প্রথম এবং দ্বিতীয় স্তরে চাহিদাও পূরণ করবে।

## প্রমাণের নমুনা বা উৎস (Sources of Evidence)

নমুনা বা প্রমাণ একটি বিদ্যালয়কে নিজেকে কোনো বিশেষ নির্দিষ্ট স্তরে সংস্থাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় বিচার বিবেচনার সমর্থন যোগাতে সাহায্য করে। এটি আশা করা যায় যে বিদ্যালয় প্রত্যেক কেন্দ্রগত মানের সঠিক প্রমাণ যোগান দেবে। প্রত্যেকটি উম্মোচক ক্ষেত্রের শেষের দিকে প্রমাণের পরামর্শমূলক উৎসের কেন্দ্রগত তালিকা প্রস্তুত করে দেওবা হয়েছে। সেই তালিকা থেকে বিদ্যালয় সঠিকটি পছন্দ করে নিতে পারে। সেটি নিজের বিদ্যালয়কে কোন স্তরে স্থাপন করে তার উপর নির্ভর করে। যেগুলো তালিকাভুক্ত হয় নি বিদ্যালয় তেমন ঐচ্ছিক প্রমাণগুলো দাখিল করতে পারে। প্রমাণের উৎসগুলো, যেমন - নথি, আলোকচিত্র, পারিসাংখ্যিক তথ্য, দৃশ্য-শ্রব্য সামগ্রী ইত্যাদি যা বিদ্যালয়ে সহজ লভ্য সেগুলো রাখা যেতে পারে। বিদ্যালয়গুলো U-DISE বিদ্যালয় প্রতিবেদন পত্রককে তথ্যের ভিত্তি হিসেবে ব্যবহার করতে পারে। তদুপরি বিদ্যালয়কে শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ, শিক্ষার্থীদের প্রতিক্রিয়া, পিতৃ-মাতৃর মতামত, SMC-র পরামর্শকে প্রমাণের উৎসরূপে সৃষ্টি করতে হবে।

**প্রমাণের উৎসগুলোকে নিম্নরূপে শ্রেণিবিভাজন করা যেতে পারে ঃ—**

- প্রাসঙ্গিক প্রমাণ ঃ নীতি-নিয়ম, নির্দেশাবলী ও রূপরেখা, পঞ্জিপুস্তিকা, সরকারী আদেশ ইত্যাদি। (Norms/Guidelines and Frameworks, Registers, Government orders, etc.)
- সমর্থক প্রমাণ (Supportive Evidence)— বিদ্যালয়ে প্রাপ্ত নথি (Records available with the school)
- সেইসব প্রমাণ যেগুলো বিদ্যালয়কে সৃষ্টি করতে হয়। (Evidence that a school needs to create)

## প্রত্যুত্তরের ছাঁচ (Response Matrix)

প্রত্যেকটি মুখ্য ক্ষেত্রের ‘প্রত্যুত্তরের ছাঁচ’ আছে। প্রত্যেকটি কেন্দ্রগত মানের বিপরীতে যথাযথ উত্তর নথিভুক্ত করতে কোনো বিদ্যালয়ে প্রত্যুত্তর দানের ছাঁচ ব্যবহার করা উচিত। উত্তর সমষ্টিগতভাবে বিদ্যালয় কর্তৃক স্থিরীকৃত হবে। যে বিবরণের ভিত্তিতে আলোচনা ও মতামত বিবেচনা করে সিদ্ধান্ত নেবে। প্রতিটি কেন্দ্রগত মানের বিপরীতে শুধু একটি স্তর বিদ্যালয় বেছে নেবে।

প্রত্যুত্তরের ছাঁচ হলো একটি সামগ্রিক তালিকা যেটি বিদ্যালয়কে প্রত্যেক উন্মোচক ক্ষেত্রে বর্তমান স্থিতির সম্পূর্ণ ছবি তুলে ধরতে সাহায্য করে। মূল্যায়ন প্রক্রিয়ার শেষে সে রকম সাতটি প্রত্যুত্ত রের ছাঁচ পূরণ বিদ্যালয়ের কাছ থেকে বাঞ্ছনীয়।

## উত্তরণসমূহ Innovation(s)

যদি অদ্যাবধি বিদ্যালয়ের সামর্থ্যগুলো তার কেন্দ্রগত মান বা বিবরণীতে অন্তর্ভুক্ত হয়ে থাকে, তবে প্রত্যেকটি ক্ষেত্র সেগুলোকে এবং উত্তরণমূলক ক্রিয়াকলাপ গুলো নথিভুক্ত করার একটি সুযোগ প্রদান করে। এটি প্রত্যেকটি বিদ্যালয়ের বিশেষত্বকে মর্যাদা দেওয়ার সুযোগ প্রদান করে। এর দ্বারা এটি স্বীকার করা হয় যে বিদ্যালয় তার পরিসরের রূপরেখার বাইরেও বিভিন্ন ধরণের ক্রিয়াকলাপে নিযুক্ত থাকতে পারে। এটি বিদ্যালয়কে তার নিজস্ব প্রসঙ্গ ভিত্তিক ক্ষুদ্র ক্ষুদ্র উত্তরণ উদ্ভাবনীগুলোকে প্রকাশিত করার জন্য একটি প্রথালব্ধ জায়গা করে দেয়।

## উৎকর্ষ সাধনের পরিকল্পনা (Planning for improvement)

বিদ্যালয়কে তার প্রত্যুত্তরের ছাঁচ ব্যবহার করে 'উৎকর্ষবিধান পরিকল্পনা'য় বিভিন্ন স্তর গুলো (যেমন I, II অথবা III) লিখে রাখা উচিত। প্রত্যেকটি পর্যায়ের উৎকর্ষবিন্যাস শনাক্তকরণের জন্য বিদ্যালয় এই স্তরবিন্যাস পরিকল্পনাকে ব্যবহার করতে পারে। এটিকে ব্যবহারোপযোগী করার জন্য বিদ্যালয় তার সাধ্যানুসারে যৌথভাবে কিছু কিছু ক্ষেত্রকে বাছাই করতে পারে। এই ক্ষেত্রে বিদ্যালয় তার সাম্প্রতিক সীমাবদ্ধতার উপর ভিত্তিকরে কিছু ক্ষেত্র বাদও দিতে পারে। এই বাছাই করা ক্ষেত্রগুলোকে প্রাথমিকতার ভিত্তিতে তিনটি স্তরে যেমন - নিম্ন, মধ্য ও উচ্চ (✓ চিহ্ন দিয়ে), ভাগ করে এসবের উপর পর্যায়ক্রমে সময় ভিত্তিক কার্য করার সিদ্ধান্ত নিতে পারে। প্রাথমিকতার প্রসঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করাটি বিদ্যালয়ের তাৎক্ষণিক প্রয়োজন, নীতি-নিয়মের চাহিদা, স্থানীয় প্রাসঙ্গিক আর বিদ্যালয়ের বিশেষ সমস্যা গুলোর উপর নির্ভর করে।

এই বিশেষ পছন্দের উপর ভিত্তি করে বিদ্যালয় একটি প্রাথমিক পরিকল্পনা (উৎকর্ষ বিধান পরিকল্পনার সারণী) প্রস্তুত করতে পারে। তদুপরি প্রতিটি নির্বাচিত উৎকর্ষবিধান ক্ষেত্রের বিপরীতে এটা উন্নয়নের জন্য প্রস্তাবিত কার্যে এক বিস্তারিত পরিকল্পনাও পুঙ্খানুপুঙ্খভাবে বেছে বের করে দেয়। এমনটি প্রয়োজনীয় নয় যে বিদ্যালয়কে একই সময়ে সবগুলো কেন্দ্রগত মানের উপরে কাজ করতে হবে। সেই উদ্দেশ্যে স্কুল প্রতিটি কেন্দ্রগত মানের জন্য ১ম বর্ষ, ২য় বর্ষ বা ৩য় বর্ষের বিপরীতে (Y-1, Y-2 বা Y-3) হিসেবে চিহ্নিত করতে একটি (✓ চিহ্ন) দেবে, এটি স্কুলের প্রত্যুত্তরের ছাঁচের উপর ভিত্তি করে অভিজ্ঞতালব্ধ বিবেচনা কার্যের উপর নির্ভর করে।

**মুখ্য ক্ষেত্র সম্বন্ধীয়**
**(About the key domain)**

মুখ্য ক্ষেত্রগুলোর গুরুত্ব বিষয়ে আলোকপাত করে।

**ভাবনা-চিন্তার বিষয়**
**(Reflective prompts)**

এগুলো হচ্ছে বিশাল বিস্তার ধর্মী প্রশ্নাবলী যা একটি বিশেষ মুখ্য ক্ষেত্রকে মূল্যায়ন করার পূর্বে সামগ্রিকভাবে আত্মবিশ্লেষণ ও বিবেচনা করতে বিদ্যালয়কে সাহায্য করে।

**পরিঘটনা নির্ভর তথ্য**
**(Factual information)**

পরিঘটনা নির্ভর তথ্যসমূহ হচ্ছে প্রশ্নের একটি গুচ্ছ বা তথ্য বিন্দুর সমাবেশ যা একটি বিশেষ মুখ্য ক্ষেত্রে বিদ্যালয়ের সামগ্রিক অবস্থানকে ধারণ করে।

**কেন্দ্রগত মান**
**(Core standards)**

বিদ্যালয়ের সামগ্রিক মূল্যায়নে এগুলো আদর্শ সৃষ্টি করে, পরিমাপনযোগ্য অভীপ্সাকে সূত্রবদ্ধ করে এবং গুণাগুণ ও সাধারণ ভিত্তি প্রদান করে।

**মানের বিবরণী**
**(Descriptors)**

মানের বিবরণ হলো কতগুলি পূর্ণ বিবৃতি যা প্রত্যেকটি স্তরে কেন্দ্রগত বিষয়ক পূর্ণতার সীমার সংজ্ঞাদান।

**প্রমাণের উৎস**
**(Sources of Evidence)**

প্রমাণ কোনো বিদ্যালয়কে একটি বিশেষ নির্দিষ্ট স্তরে স্থাপনের উদ্দেশ্যে নিজের বিচারের সমর্থন করতে সাহায্য করে।

**উত্তরণসমূহ**
**Innovation (s)**

বিদ্যালয়ের এমন কিছু উত্তরণ এবং শক্তি থাকতে পারে যা এখনও পর্যন্ত হয়তো কেন্দ্রগত এবং মুখ্য বিবরণে অন্তর্ভুক্ত হয়নি, প্রতিটি ক্ষেত্র বিদ্যালয়কে সেগুলো অন্তর্ভুক্তিকরণের এক সুযোগ প্রদান করে।

**প্রত্যুত্তরের ছাঁচ**
**(Response Matrix)**

প্রতিটি কেন্দ্রগত মানের প্রতিক্রিয়া নথিভুক্ত করতে একটি বিদ্যালয়ের দ্বারা প্রত্যুত্তরের ছাঁচ ব্যবহার করা বিধেয়।

**উৎকর্ষ সাধনের পরিকল্পনা**
**(Planning for improvement)**

বিদ্যালয় উৎকর্ষ সাধনের প্রত্যুত্তরের ছাঁচ ব্যবহার করে উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রগুলো শনাক্ত করতে পারে। এই ছাঁচটির প্রকৃত ব্যবহারের ক্ষেত্রে বিদ্যালয় তার ইচ্ছানুসারে যৌথভাবে কিছু কিছু ক্ষেত্রকে বাছাই করবে এবং সাম্প্রতিক সীমাবদ্ধতার উপর ভিত্তি করে কিছু অংশ বা অঞ্চল বাদও দিতে পারে।

*মুখ্য ক্ষেত্রগুলোর গঠন (Structure of key Domain)*

## ৪.০ বিদ্যালয় মূল্যায়নের পদক্ষেপ (Approach to School Evaluation)

SSE রূপরেখা হলো স্বকীয় ও বাহ্যিক মূল্যায়নের একটি কৌশলগতকরণ। বিদ্যালয়ের মূল্যায়ন প্রক্রিয়াতে স্বকীয় মূল্যায়নকে কেন্দ্রবিন্দু হিসেবে বিবেচনা করা হয়। এটি বিদ্যালয়ের কর্তৃপক্ষেদের সাধারণ বোঝাপড়ার মাধ্যমে বিদ্যালয়ের সামগ্রিক প্রদর্শিত ফলাফল এবং প্রাথমিকতার ভিত্তিতে বিকাশ সাধনের ক্ষেত্রগুলো চিহ্নত করতে সাহায্য করে। বাহ্যিক মূল্যায়ন আসলে স্বকীয় বা আভ্যন্তরীণ মূল্যায়নেরই অনুসারী পরিপূরক। সার্বিক মূল্যায়নের ক্ষেত্রে এই দুই পদক্ষেপ ই একে অপরের স্বকীয় সক্ষমতা ও অন্তর্দৃষ্টি বজায় রেখে সমান্তরাল ভাবে কাজ করে। এটির লক্ষ্য হলো একটি বিদ্যালয়ের সর্বাঙ্গীন উন্নয়নের একটি সম্পূর্ণ চিত্র তুলে ধরা।

| | স্ব-মূল্যায়ন | বাহ্যিক মূল্যায়ন |
|---|---|---|
| কী | বিদ্যালয়ের দৈনন্দিন কার্যাবলীতে নিহিত একটি অবিরত এবং চক্রাকার প্রক্রিয়া। | স্বকীয় মূল্যায়নের একটি পরিপূরক পন্থা, যার মাধ্যমে বিদ্যালয়ের প্রদর্শনের একটি নিরপেক্ষ ও সম্পূর্ণ চিত্র বিকশিত হয়। |
| কারা | সামগ্রিকভাবে বিদ্যালয় তার সকল সংশ্লিষ্টবর্গকে সহযোগিতামূলকভাবে সংযুক্ত করে কাজ করে। | মূল্যায়নকারীরা বিদ্যালয়ের দিক থেকে বাইরের কিন্তু সামগ্রিক প্রক্রিয়াটির বিচারে এর আভ্যন্তরগত যেমনঃ শিক্ষা আধিকারিক, অন্যান্য বিদ্যালয়ের প্রধান শিক্ষক, অন্যান্য গণ প্রশাসক ইত্যাদি। |
| কীভাবে | — স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়ার মধ্যে রয়েছে প্রক্রিয়াটির সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের মানসিকভাবে প্রস্তুত করা, প্রমাণ সংগ্রহ করে বিশ্লেষণ করা, প্রত্যুত্তরের ছাঁচে মতামত নথিভুক্ত করা, বিদ্যালয় মূল্যায়ন তথ্য ফলকে একটি সংবদ্ধ প্রতিবেদন প্রস্তুত করা। | মূল্যায়নকারীরা বিদ্যালয়ের সমালোচক বন্ধু হিসেবে কাজ করে, স্বকীয় মূল্যায়নের নথিপত্রগুলো বিশ্লেষণ এবং পুনরীক্ষণ করে, শিক্ষক, অভিভাবক, ছাত্র-ছাত্রী এবং বিদ্যালয়ের সঙ্গে জড়িত অন্যান্য ব্যক্তিদের কাছ থেকে অতিরিক্ত তথ্য লাভ করতে চেষ্টা করে। বিদ্যালয় পরিচালনা পদ্ধতি এবং শেখা-শেখানোর প্রক্রিয়া পর্যবেক্ষণ করে, বিদ্যালয়কে নিরপেক্ষ প্রতিপুষ্টি প্রদান করে, সিদ্ধান্ত মতামত বা নথিভুক্ত করে এবং মূল্যায়নের প্রতিবেদন প্রস্তুত করে, অগ্রাধিকারের ভিত্তিতে উৎকর্ষ সাধনের ক্ষেত্রগুলোর জন্য সাহায্য প্রদান করে। |
| কখন | এই প্রক্রিয়াটি সমগ্র কার্যকাল (জুন-জুলাই মাস) ব্যাপী চলে এবং সবশেষে (বিদ্যালয়ের মূল্যায়ন তথ্য ফলকে পূরণ করা নির্ভুল প্রতিবেদন)টি দাখিল করে। | বছরে দুবার করে ষান্মাষিক এবং বার্ষিকভাবে এটির পরিকল্পনা করা হয়। (রাজ্যগুলো নিজস্ব প্রয়োজন অনুযায়ী বাহ্যিক মূল্যায়নের বারংবারতা নির্ণয় করে)। |

পরিপূরক মূল্যায়ন

## ৪.১ বিদ্যালয় মূল্যায়নের নির্দেশনাবলী ঃ (Guidelines for schools Evaluation)

মূল্যায়নের নির্দেশনাবলী প্রণালীবদ্ধ এবং পেশাদারীভাবে স্বকীয় অর্থাৎ আভ্যন্তরীন এবং বাহ্যিক মূল্যায়নে সহায়তা করার উদ্দেশ্য সাধন করে। সঠিক ও যুক্তিপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রতিটি বিদ্যালয় এবং বাহ্যিক মূল্যায়নকারীগণ এই নির্দেশনাবলীর অনুসরণ করবে, এটাই বাঞ্ছনীয়।

**স্বকীয় মূল্যায়নের নির্দেশনাবলী**

- মানসিক প্রস্তুতি
- প্রমাণ আহরণ
  - সংশ্লিষ্ট ব্যক্তিসকলের মতামত আহরণ
  - বিদ্যালয় পর্যবেক্ষণ
  - শ্রেণীকক্ষ পর্যবেক্ষণ
  - নথিপত্রের পুনরীক্ষণ
- বিদ্যালয়ে ক্রিয়াশীলতার স্থিতি সনাক্তকরণ এবং নথিবদ্ধ করা।
- উৎকর্ষসাধনের সক্ষমতা এবং সুযোগ সুবিধাগুলো সনাক্ত করা।
- অবিরত উৎকর্ষসাধন প্রক্রিয়ার কর্মপন্থা গঠন (ACIP)
- ACIP বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনার একত্রিকরণ

**পরিপূরক মূল্যায়ন**

**বাহ্যিক মূল্যায়ন নির্দেশনাবলী**

- মানসিক প্রস্তুতি সৃজন
- প্রমাণ আহরণ
  - সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত আহরণ
  - বিদ্যালয় পর্যবেক্ষন
  - শ্রেণিকক্ষ পর্যবেক্ষন
  - নথিপত্রের পুনরীক্ষন
- বিদ্যালয়ে ক্রিয়াশীলতার স্থিতি সনাক্ত করা এবং নথিবদ্ধ করা।
- উৎকর্ষ সাধনের সক্ষমতা এবং সুযোগ সুবিধাগুলো সনাক্ত করা।
- অবিরত উৎকর্ষসাধনের কর্মপন্থা পরীক্ষাকরণ (ACIP)
- ACIP বিদ্যালয় উন্নয়নের প্রক্রিয়ার সঙ্গে ACIP-র একত্রিকরণের পরীক্ষাকরণ

*বিদ্যালয়ের মূল্যায়নের নির্দেশাবলীকে বোঝায়*

## ৫.০ বিদ্যালয়ের মূল্যায়নের তথ্য ফলক (School Evaluation Dashboard)

বিদ্যালয়ের মূল্যায়নের তথ্য ফলক প্রতিটি স্কুলকে উৎকর্ষমুখী কর্মপন্থা সহ মুখ্য ক্ষেত্রে ও কেন্দ্রগত মান বিষয়ে একটি সংবদ্ধ স্বকীয় মূল্যায়নের প্রতিবেদন হিসেবে দাখিল করতে সাহায্য করে। এর তিনটি ভাগ আছে। (i) শিক্ষক ও শিক্ষার্থী সম্বন্ধীয় প্রাথমিক তথ্য, (ii) বিদ্যালয় মূল্যায়নের মিশ্র ছাঁচ - যা সাতটি মুখ্য ক্ষেত্র এবং তাদের কেন্দ্রগত মানের উপর ভিত্তি করে বিদ্যালয়ের কৃতি বা প্রদর্শিত ফলাফলের একটি প্রতিচ্ছবি তুলে ধরে। (iii) বিদ্যালয়ের অবিরত উৎকর্ষ সাধনের কর্মপন্থা। বিদ্যালয়ের মূল্যায়নের তথ্য ফলকে বাহ্যিক মূল্যায়ন প্রতিবেদন প্রদর্শনের ব্যবস্থা রয়েছে।

বিদ্যালয় মূল্যায়ন তথ্য ফলক বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার (Web Portal) হিসেবে Online -এ উপলব্ধ। প্রতিটি বিদ্যালয় পারস্পরিক ক্রিয়াশীল বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার ব্যবহার করে স্বকীয় মূল্যায়নের প্রতিবেদন Online যোগে দাখিল করতে পারে। বাহ্যিক মূল্যায়নকারীদেরকে একই বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার ব্যবহার করে তাদের মূল্যায়নের প্রতিবেদন দাখিল করতে হবে। এই বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার সহযোগে স্বকীয় এবং বাহ্যিক মূল্যায়নকে একত্রিত করে একটি সংবদ্ধ বিদ্যালয়ের মূল্যায়ন প্রতিবেদন Online যোগে প্রস্তুত করা যেতে পারে।

বিদ্যালয় তথ্য ফলককে বিদ্যালয় মূল্যায়ন প্রতিবেদন, তথ্যসমূহ নিরীক্ষণ এবং বিশ্লেষণের জন্য ব্যবহার করা যেতে পারে। এগুলো বিদ্যালয়কে যথোপযুক্ত সাহায্য প্রদানের জন্য আরও সংবদ্ধ করা যেতে পারে। এটি বিদ্যালয়গুলোকে তাদের বহু বর্ষব্যাপী স্বকীয় উৎকর্ষ ও বিকাশের খতিয়ান পর্যবেক্ষণের সুবিধা প্রদান করে। তাছাড়াও এই পন্থাটি বিদ্যালয়গুলোকে তাদের অবিরত উৎকর্ষ সাধনের ক্ষেত্রে পুনঃ সঠিক কার্যপন্থা গ্রহণ করতে পুনর্নির্দেশিত করবে এবং তাদের গৃহীত প্রণালীকে ফিরে দেখতে অনুপ্রেরণা যোগাবে। এই সংবদ্ধ তথ্যগুলো খণ্ড, জেলা, রাজ্য পর্যায়ে স্তরব্যাপী সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে।

## ৬.০ রাজ্যভিত্তিক বৈশেষিকতা, অভিযোজন, প্রাসঙ্গিকীকরণ এবং অবস্থান্তরণ

যথা নির্দিষ্ট রাজ্যের দ্বারা বিদ্যালয় মূল্যায়ন প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিকীকরণের ক্ষেত্রে SSEF বিস্তারিত নির্দেশনাবলী যোগান দেয়। রাজ্যগুলির বিশেষ বিশেষ নীতি অনুযায়ী সাংস্কৃতিক পটভূমির উপর ভিত্তি করে আঞ্চলিক অভিযোজন প্রক্রিয়ায় সহায়তা করে এই SSEF। রাজ্যের নিজ নিজ ভাষায় অভিযোজন, প্রাসঙ্গিকীকরণ এবং অবস্থান্তরণ পক্ষে এই পরিকাঠামোটি যথেষ্ট নমনীয়।

## ৭.০ বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার (Web Portal)



NPSSE - কে সমর্থন যোগাচ্ছে বিশেষভাবে নিয়োজিত পারস্পরিকভাবে ক্রিয়াশীল একটি বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার (Web Portal)। এই ভাণ্ডারে কর্মসূচিভিত্তিক সকল নথীপত্র রয়েছে। তা সকল ব্যবহারকারীর নিতে পারে এবং স্বপ্রয়োজনে ব্যবহার করতে পারে।

এই বৈদ্যুতিন তথ্য ভাণ্ডারের এমন এক পরস্পর ক্রিয়াশীল মঞ্চ রয়েছে যার মাধ্যমে প্রতিটি বিদ্যালয় তাদের নিজস্ব মূল্যায়নের প্রতিবেদন দানের জন্য বাহ্যিক মূল্যায়নকারীগণকেও একই বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার ব্যবহার করতে দিতে হবে। নিজস্ব এবং বাহ্যিক মূল্যায়ন এই উভয় প্রতিবেদনকে সকলমাত্রায় ব্যবহার করে একটা সংবদ্ধ বিদ্যালয় মূল্যায়ন প্রতিবেদন তৈরী করা হয়।

প্রত্যেকটি বিদ্যালয় তাদের UDISE কোডকে log-in ID হিসাবে ব্যবহার করে তার নিজস্ব log-in ID বানাতে পারে এবং তার নিজস্ব Password তৈরী করতে পারে। একই প্রকারে খণ্ড, জেলা এবং রাজ্যগুলিও তাদের নিজস্ব log-in ID এবং Password সৃষ্টি করতে পারে। Web Portal বা বৈদ্যুতিন তথ্য ভাণ্ডারের একটা অত্যন্ত স্বকীয় বৈশিষ্ট্য আছে। তা এই যে, যেকোনো বিদ্যালয়ের মূল্যায়ন প্রতিবেদনে অভিভাবক এবং সাধারণ জনগণের প্রতিপুষ্টি প্রদানের উদ্দেশ্যে এর প্রবেশ সম্ভব।

এই বৈদ্যুতিন তথ্য ভাণ্ডার সকল সংশ্লিষ্টবর্গের দ্বারা নিম্নক্রমে ব্যবহার করা সম্ভব ঃ

১. **বিদ্যালয়**

- UDISE Code-কে log-in ID হিসেবে ব্যবহার করে বিদ্যালয়ে তার নিজের log-in ID তৈরী করতে পারে এবং তাদের Password বানাতে পারে।
- উৎকর্ষ সাধনের উদ্দেশ্যে নিজস্ব মূল্যায়ন-তথ্য এবং কর্মপন্থা অনলাইনযোগে সরবরাহ করতে পারে।
- নিজস্ব মূল্যায়নের চূড়ান্ত প্রতিবেদন বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন প্রতিবেদনের জন্মদান করে।

২. **বাহ্যিক মূল্যায়নকারী**

- যথা নির্দিষ্ট বিদ্যালয়ের জন্যে log-in ID এবং Password সৃষ্টি করে এবং বাহ্যিক মূল্যায়ন প্রতিবেদন সৃষ্টি করে।
- যথা নির্দিষ্ট বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন প্রতিবেদন ব্যবহার করতে পারে।
- বিদ্যালয়কে বাহ্যিক মূল্যায়ন তথ্য সরবরাহ করে এবং বাহ্যিক মূল্যায়ন প্রতিবেদন সৃষ্টি করে।

৩. **সন্নিবদ্ধ বিদ্যালয় মূল্যায়ন প্রতিবেদন**

- বাহ্যিক মূল্যায়ন এবং স্বকীয় মূল্যায়ন উভয়কে সন্নিবিষ্ট করে বিদ্যালয়ের মূল্যায়ন প্রতিবেদন সৃষ্টি করে।

৪. **খণ্ড, জেলা, রাজ্য এবং রাষ্ট্রভিত্তিক**

- খণ্ড, জেলা, রাজ্য এবং রাষ্ট্র স্তরের জন্যে log-in ID এবং Password তৈরী করে।
- প্রতিটি বিদ্যালয়ের মূল্যায়ন প্রতিবেদন দেখে ও ব্যবহার করে, খণ্ড এবং জেলা স্তরে প্রক্রিয়া এবং অগ্রগতির নিরীক্ষণ এবং নিয়ন্ত্রণ সাধন করে।
- বিদ্যালয় কৃতি বা প্রদর্শিত ফলাফলের মূল্যায়নের সারসংক্ষেপ তৈরী করে এবং খণ্ড, জেলা, রাজ্য এবং রাষ্ট্রীয় স্তরে যথা নির্দিষ্ট ক্ষেত্র এবং কেন্দ্রগত মান সংক্রান্ত স্তরসমূহের বিশ্লেষণ করে।